# জাতীয় ঐক্যমত্য কমিশনের প্রতিবেদন ২০২৫

## ভবিষ্যতের পথরেখা



# জুলাই জাতীয় সনদ ২০২৫

১ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
১৭ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ


## জাতীয় ঐকমত্য কমিশন

ব্লক-১, এমপি হোস্টেল, জাতীয় সংসদ ভবন এলাকা, শেরে-বাংলা নগর, ঢাকা।

# ভূমিকা

১৬ বছরেরও বেশি সময় ধরে ফ্যাসিবাদী শাসনের জাঁতাকলে পিষ্ট বাংলাদেশের ছাত্র-জনতার অংশগ্রহণে ২০২৪ সালের জুলাই মাসে এক অভূতপূর্ব গণ-অভ্যুত্থানের সূচনা হয়। এর ফলে ৫ই আগস্ট ২০২৪ তারিখে তৎকালীন ক্ষমতাসীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার কিছু দোসর দেশ ছেড়ে ভারতে পালিয়ে যান এবং দীর্ঘকালীন দমনমূলক ফ্যাসিবাদী শাসনের অবসান ঘটে। জনগণের বিজয়ের ফল হিসেবে অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে একটি অন্তর্বর্তীকালীন সরকার গঠিত হয়।

অন্তর্বর্তীকালীন সরকার ১২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে রাষ্ট্রীয় ব্যবস্থা সংস্কারের জন্য জন-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটাতে ৬টি কমিশনের সুপারিশ বিবেচনা ও গ্রহণের লক্ষ্যে জাতীয় ঐকমত্য গঠন করে প্রধান উপদেষ্টা নোবেল বিজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস-কে সভাপতি, সংবিধান সংস্কার কমিশনের প্রধানকে সহ-সভাপতি এবং নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশন, পুলিশ সংস্কার কমিশন ও দুর্নীতি দমন কমিশন সংস্কার কমিশনের প্রধানগণ এবং জনপ্রশাসন সংস্কার কমিশন ও বিচার বিভাগ সংস্কার কমিশনের একজন সদস্যকে সদস্য করে জাতীয় ঐকমত্য কমিশন গঠন করা হয়।

জাতীয় ঐকমত্য কমিশন ১৫ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ আনুষ্ঠানিকভাবে কাজ শুরু করে। সংস্কারের বিষয়ে ঐকমত্য গঠনের লক্ষ্যে পাঁচটি কমিশনের গুরুত্বপূর্ণ ১৬৬টি সুপারিশ রাজনৈতিক দল ও জোটের কাছে পাঠানো হয়। পরবর্তীতে কমিশন কয়েক দফায় ৩৩টি রাজনৈতিক দল ও জোটের সঙ্গে ৭২টি বৈঠকে মিলিত হয়। বৈঠকসমূহের আলোচনায় অংশগ্রহণকারী রাজনৈতিক দল ও জোটের সর্বসম্মত ও বৃহত্তর ঐকমত্য এবং কয়েকটি ভিন্নমতসহ মোট ৮৪টি সুপারিশ সম্বলিত ‘জুলাই জাতীয় সনদ ২০২৫’ প্রণয়ন করা হয়েছে।

**জাতীয় ঐকমত্য কমিশন-সদস্যবৃন্দ**

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস
মাননীয় প্রধান উপদেষ্টা
সভাপতি

২। অধ্যাপক আলী রীয়াজ
সহ-সভাপতি

৩। ড. বদিউল আলম মজুমদার
সদস্য

৪। বিচারপতি এমদাদুল হক
সদস্য

৫। আব্দুল মুয়ীদ চৌধুরী
সদস্য (১৫ ফেব্রুয়ারি ২০২৫-১৬ মে ২০২৫)

৬। ড. ইফতেখারুজ্জামান
সদস্য

৭। সফর রাজ হোসেন
সদস্য

৮। ড. মোহাম্মদ আইয়ুব মিয়া
সদস্য (১৭ মে ২০২৫-)

# জুলাই জাতীয় সনদ ২০২৫

সুদীর্ঘ গণতান্ত্রিক সংগ্রামের ধারাবাহিকতায় বাংলাদেশে ২০২৪ সালের জুলাই-আগস্টে সংঘটিত ছাত্র-শ্রমিক-জনতার সফল গণঅভ্যুত্থানের পরিপ্রেক্ষিতে গণতান্ত্রিক ও মানবিক মর্যাদার ভিত্তিতে রাষ্ট্র পুনর্গঠনের এক ঐতিহাসিক সুযোগ সৃষ্টি হয়েছে। জাতীয় ইতিহাসের এই সন্ধিক্ষণে আমরা নিম্নস্বাক্ষরকারীগণ অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস-এর নেতৃত্বে গঠিত জাতীয় ঐকমত্য কমিশনের উদ্যোগে বিভিন্ন রাজনৈতিক দল, জোট ও শক্তিসমূহের পারস্পরিক ও সম্মিলিত আলোচনার মাধ্যমে রাষ্ট্রের সংবিধান, নির্বাচন, বিচার বিভাগ, জনপ্রশাসন, পুলিশ প্রশাসন ও দুর্নীতি দমন ব্যবস্থা সংস্কারের লক্ষ্যে নিম্নলিখিত বিষয়ে ঐকমত্যে উপনীত হয়েছি :

## ১। পটভূমি

প্রায় দুশো বছরের বৃটিশ ঔপনিবেশিক শাসন ও শোষণের বিরুদ্ধে নিপীড়িত জনগণের দীর্ঘ লড়াইয়ের ধারাবাহিকতায় ১৯৪৭ সালে মুসলিম সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে পাকিস্তান নামক একটি স্বাধীন রাষ্ট্রের সৃষ্টি হয় এবং পূর্ব-বাংলা তার অন্তর্ভুক্ত হয়। কিন্তু পাকিস্তানি শাসকগোষ্ঠীর স্বৈরশাসন, শোষণ ও বৈষম্যের বিরুদ্ধে পূর্ব-বাংলার জনগণ সংক্ষুব্ধ হয়ে ওঠে। ১৯৫২ সালের ভাষা আন্দোলন এবং তৎপরবর্তী ১৯৬২ সালের শিক্ষা আন্দোলন, ১৯৬৬ সালের স্বায়ত্তশাসনের আন্দোলন এবং ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানের ধারাবাহিকতায় ১৯৭০ সালের নির্বাচনে পূর্ব পাকিস্তানের জনগণের স্বাধিকার-সংগ্রামের বাস্তব প্রতিফলন ঘটে।

১৯৭১ সালের ২৫ মার্চ কালরাতে হানাদার বাহিনী তৎকালীন পূর্ব পাকিস্তানের নিরীহ জনগণের উপর বর্বরোচিত গণহত্যা শুরু করলে পরদিন ২৬ মার্চ বাংলাদেশের স্বাধীনতা ঘোষণার পরিণতিতে রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মাধ্যমে এই স্বাধীন দেশের অভ্যুদয় ঘটে। মহান স্বাধীনতার ঘোষণাপত্রে বর্ণিত সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক ন ্যায়বিচারের নীতিকে ধারণ করে সংঘটিত মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থা গঠনের যে আকাঙ্ক্ষা বাংলাদেশের জনগণের মধ্যে তৈরি হয়েছিল, দীর্ঘ ৫৩ বছরেও তা পুরোপুরি অর্জিত হয়নি। শাসন ব্যবস্থায় গণতান্ত্রিক পদ্ধতি ও সংস্কৃতি বিকাশের ধারা বারবার হোঁচট খেয়েছে। ১৯৭৫ সালে সংবিধান সংশোধনের মাধ্যমে একদলীয় বাকশাল কায়েম করা হয়। ওই বছরই এক সামরিক অভ্যুত্থানের ফলে সংঘটিত রাজনৈতিক পটপরিবর্তনের মাধ্যমে সেই ব্যবস্থার পতন ঘটে। নানামুখী রাজনৈতিক ঘটনাপ্রবাহের ধারাবাহিকতায় ১৯৭৮ সালে বহুদলীয় রাজনৈতিক ব্যবস্থা পুনঃপ্রবর্তনের উদ্যোগের ফলে ১৯৭৯ সালে অনুষ্ঠিত জাতীয় সংসদ নির্বাচনের মধ্য দিয়ে দেশ আবারও গণতন্ত্রে প্রত্যাবর্তন করে। কিন্তু সেই গণতান্ত্রিক অভিযাত্রা দীর্ঘস্থায়ী হয়নি। যে কারণে বিগত পাঁচ দশকে রাষ্ট্রের সাংবিধানিক ও গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলোকে পুরোপুরি টেকসই ভিত্তির উপর প্রতিষ্ঠা করা যায়নি এবং এগুলো অত্যন্ত ন্যুব্জ ও দুর্বলভাবে কাজ করেছে।

২০০৬ সালে আওয়ামী লীগের নেতৃত্বে লগি-বৈঠা তান্ডবে দেশে কয়েকটি নৃশংস রাজনৈতিক হত্যাকান্ড সংঘটিত হয় এবং সেই ধারাবাহিকতায় ২০০৭ সালে দেশে জরুরি অবস্থা জারি ও একটি অস্বাভাবিক তত্ত্বাবধায়ক সরকার প্রতিষ্ঠিত হয়, যা ১/১১ সরকার নামে পরিচিত। যার ফলে নির্বাচন স্থগিত হয়ে যায়। বিগত ২০০৯ সালে আওয়ামী লীগ নেতৃত্বাধীন সরকার ক্ষমতাসীন হয়ে ক্রমান্বয়ে গণতান্ত্রিক মূল্যবোধকে জলাঞ্জলি দিয়ে অগণতান্ত্রিক ও ফ্যাসিবাদী চরিত্র ধারণ করতে থাকে। তারা রাজনৈতিক প্রতিপক্ষ ও সমালোচকদের গণতান্ত্রিক অধিকার ও মানবাধিকার হরণ, রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় গুম, খুন, বিচারবহির্ভূত হত্যাকাণ্ড, নিপীড়ন-নির্যাতন, মামলা ও হামলার মাধ্যমে একটি নৈরাজ্যকর ও বিভীষিকাময় ত্রাসের রাজত্ব কায়েম করে। ২০১৩ সালে মতিঝিলের শাপলা চত্বরে সংঘটিত হয় এক নির্মম হত্যাযজ্ঞ। ২০০৯ সাল থেকে ২০২৪ সাল পর্যন্ত সমগ্র রাষ্ট্রযন্ত্রকে

স্বৈরতান্ত্রিকভাবে বিশেষ ব্যক্তি, পরিবার ও গোষ্ঠী বন্দনার জন্য নিবেদিত রাখা হয়। দেড় দশকে ফ্যাসিবাদী আওয়ামী লীগ সরকার জনস্বার্থের বিরুদ্ধে ক্ষমতাকে কুক্ষিগত করার উদ্দেশ্যে সংবিধান সংশোধনের মাধ্যমে সংবিধানের বিকৃতি সাধন, বিভিন্ন নিবর্তনমূলক আইন প্রণয়ন, ২০১৪, ২০১৮ ও ২০২৪ সালে পরপর তিনটি বিতর্কিত ও প্রহসনমূলক নির্বাচন অনুষ্ঠান করে নির্বাচনি ব্যবস্থাকে ধ্বংস এবং বিচার বিভাগ, আইন প্রয়োগকারী সংস্থা ও জনপ্রশাসনকে দলীয়করণ এবং দুর্নীতির মাধ্যমে রাষ্ট্রীয় সম্পদ লুণ্ঠনের ব্যবস্থা কায়েম করে। বস্তুতপক্ষে, রাষ্ট্রকাঠামোতে একচ্ছত্র নিয়ন্ত্রণ এবং ক্ষমতার অপব্যবহারের অবারিত সুযোগ নিশ্চিত করার উদ্দেশ্যে বিগত ১৬ বছরে দলীয় প্রভাবকে প্রাতিষ্ঠানিকীকরণের মাধ্যমে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোকে অকার্যকর, জবাবদিহিতাবিহীন ও বিচারহীনতার সহায়ক হিসেবে গড়ে তোলা হয়েছিল।

এই পটভূমিকায় রাজনৈতিক দলগুলোর তথা জনগণের দীর্ঘ ১৬ বছরের ধারাবাহিক গণতান্ত্রিক আন্দোলন-সংগ্রাম এবং ২০১৮ সালে শিক্ষার্থীদের নেতৃত্বে সরকারি চাকরিতে কোটা ও বৈষম্যের বিরুদ্ধে আন্দোলন, নিরাপদ সড়ক আন্দোলন এবং অবশেষে ২০২৪ সালের জুলাই-আগস্টের এক দফা আন্দোলনে বিপুল সংখ্যক ছাত্র-শ্রমিক-নারী-পেশাজীবী তথা ফ্যাসিস্ট বিরোধী রাজনৈতিক দল এবং সকল স্তরের জনতার অংশগ্রহণের ফলে এক অভূতপূর্ব গণঅভ্যুত্থান সংঘটিত হয়। এতে প্রবাসী বাংলাদেশিরা স্ব-স্ব অবস্থানে থেকে রেমিট্যান্স বন্ধ করাসহ অব্যাহতভাবে সক্রিয় ভূমিকা পালন করেন। সফল এই অভ্যুত্থানের চূড়ান্ত লগ্নে সশস্ত্র বাহিনীর কর্মরত ও অবসরপ্রাপ্ত সদস্যদের তাৎপযপূর্ণ ভূমিকা স্বৈরাচারের পতনকে ত্বরান্বিত করে। এতে শাসকগোষ্ঠীর প্রতিহিংসার শিকার হয়ে শিশু ও নারীসহ সহস্রাধিক নিরস্ত্র নাগরিক নিহত এবং বিশ হাজারের বেশি মানুষ গুরুতর আহত হয়। তাদের আত্মাহুতি, ত্যাগ এবং জনগণের সম্মিলিত শক্তি ও প্রতিরোধের মুখে ফ্যাসিস্ট শেখ হাসিনা ও তার দোসররা পরাজিত হয়ে অনেকেই পালিয়ে যেতে বাধ্য হয়।

বর্ণিত প্রেক্ষাপটে, জনগণের মননে রাষ্ট্র-কাঠামো সংস্কারের এক প্রবল আকাঙ্ক্ষার স্পষ্ট প্রকাশ ঘটে; বিশেষত সংবিধানের মৌলিক সংস্কার, ধ্বসে পড়া নির্বাচনি ব্যবস্থা, আইনি ও বিচার ব্যবস্থা, প্রশাসনিক ও পুলিশি ব্যবস্থা এবং দুর্নীতি দমন ও জবাবদিহির ব্যবস্থায় সর্বত্র ব্যাপক সংস্কারের জোরালো আওয়াজ ওঠে । এই প্রেক্ষাপটেই গণঅভ্যুত্থানের সরকার প্রথম দফায় বিষয়ভিত্তিক ৬টি পৃথক সংস্কার কমিশন গঠন করে।

**২। সংস্কার কমিশন গঠন**

গণঅভ্যুত্থানের পর অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস-এর নেতৃত্বে ২০২৪ সালের ৮ আগস্ট গঠিত অন্তর্বর্তীকালীন সরকার দায়িত্ব গ্রহণের পর প্রথমে ৩ অক্টোবর ২০২৪ তারিখে জারীকৃত পৃথক প্রজ্ঞাপনের মাধ্যমে পাঁচটি সংস্কার কমিশন যথা, নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশন, বিচার বিভাগ সংস্কার কমিশন, জনপ্রশাসন সংস্কার কমিশন, পুলিশ সংস্কার কমিশন ও দুর্নীতি দমন কমিশন সংস্কার কমিশন এবং এরপর ৭ অক্টোবর ২০২৪ তারিখে জারীকৃত অপর একটি প্রজ্ঞাপনের মাধ্যমে সংবিধান সংস্কার কমিশন গঠন করে। উক্ত কমিশনগুলো বিভিন্ন রাজনৈতিক দলের লিখিত মতামত এবং সমাজের বিভিন্ন শ্রেণি ও পেশার প্রতিনিধিসহ অংশীজনদের সাথে আলাপ-আলোচনার ভিত্তিতে প্রস্তুতকৃত সুপারিশসহ প্রতিবেদন ৩১ জানুয়ারি ২০২৫ তারিখে অন্তর্বর্তী সরকারের কাছে দাখিল করে।

**৩। জাতীয় ঐকমত্য কমিশন গঠন**

সার্বিক সংস্কার প্রক্রিয়াকে জাতীয় ঐকমত্যের ভিত্তিতে বাস্তবায়নের পথে এগিয়ে নেওয়ার লক্ষ্যে ১২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসকে সভাপতি, সংবিধান সংস্কার কমিশনের প্রধান অধ্যাপক ড. আলী রীয়াজকে সহ-সভাপতি এবং নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশন, জনপ্রশাসন সংস্কার কমিশন,

পুলিশ সংস্কার কমিশন ও দুর্নীতি দমন কমিশন সংস্কার কমিশনের প্রধানগণ এবং বিচার বিভাগ সংস্কার কমিশনের একজন সদস্যকে সদস্য করে একটি জাতীয় ঐকমত্য কমিশন গঠন করা হয়। পরবর্তীতে জনপ্রশাসন সংস্কার কমিশনের প্রধানের পরিবর্তে উক্ত কমিশনের একজন সদস্যকে জাতীয় ঐকমত্য কমিশনের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করে কমিশন কিছুটা পুনর্গঠন করা হয়। তাছাড়া, রাজনৈতিক দল ও শক্তিসমূহের সঙ্গে জাতীয় ঐকমত্য কমিশন তথা সরকারের নিবিড় যোগাযোগের সুবিধার্থে প্রধান উপদেষ্টা একজন বিশেষ সহকারী (ঐকমত্য গঠন) নিয়োগ দেন। জাতীয় ঐকমত্য কমিশনের দায়িত্ব ছিল **'আগামী নির্বাচনকে সামনে রেখে সংবিধান, নির্বাচন ব্যবস্থা, বিচার বিভাগ, জনপ্রশাসন, পুলিশ ও দুর্নীতি দমন বিষয়ে সংস্কারের জন্য গঠিত কমিশনগুলোর সুপারিশ বিবেচনা ও গ্রহণের লক্ষ্যে প্রয়োজনীয় রাজনৈতিক ঐকমত্য গঠনের জন্য রাজনৈতিক দল ও শক্তিসমূহের সঙ্গে আলোচনা করা এবং এ মর্মে পদক্ষেপ সুপারিশ করা'**। প্রাথমিকভাবে কমিশনের মেয়াদ ছিল কার্যক্রম শুরুর তারিখ থেকে ছয় মাস। পরবর্তীতে সরকার কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে বিগত ১১ আগস্ট ২০২৫ তারিখে একবার এবং ১৫ সেপ্টেম্বর ২০২৫ তারিখে আরেকবার ১ মাস করে দুই দফায় কমিশনের মেয়াদ মোট ২ মাস (১৫ অক্টোবর, ২০২৫ পর্যন্ত) বৃদ্ধি করা হয়।

**৪। কমিশনের কার্যক্রম**

জাতীয় ঐকমত্য কমিশন ১৫ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ থেকে আনুষ্ঠানিকভাবে কাজ শুরু করে। ২৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের মধ্যে ছয়টি কমিশনের প্রতিবেদনের ছাপানো অনুলিপি সব রাজনৈতিক দলের কাছে প্রেরণ করা হয়। এরপর ৫ মার্চ ২০২৫ তারিখে পুলিশ সংস্কার কমিশন ব্যতীত অপর পাঁচটি কমিশনের প্রতিবেদনের গুরুত্বপূর্ণ ১৬৬টি সুপারিশ স্প্রেডশিট আকারে ৩৭টি রাজনৈতিক দল ও জোটের কাছে মতামতের জন্য পাঠানো হয়। এর মধ্যে সংবিধান সংস্কার বিষয়ক ৭০টি, নির্বাচন ব্যবস্থা সংস্কার বিষয়ক ২৭টি, বিচার বিভাগ সংস্কার বিষয়ক ২৩টি, জনপ্রশাসন সংস্কার বিষয়ক ২৬টি ও দুর্নীতি দমন কমিশন সংস্কার বিষয়ক ২০টি সুপারিশ ছিল। পুলিশ সংস্কার কমিশনের সুপারিশগুলো সরাসরি প্রশাসনিক সিদ্ধান্তে বাস্তবায়নযোগ্য হওয়ায় সেগুলো স্প্রেডশিটে রাখা হয়নি। অপরদিকে, সংবিধান সংস্কার কমিশন ছাড়া অন্য পাঁচটি কমিশনের আশু বাস্তবায়নযোগ্য সুপারিশগুলোর তালিকা সরকারের কাছে হস্তান্তর করা হয়।

মোট ৩৩টি রাজনৈতিক দল ও জোট তাদের মতামত কমিশনের কাছে প্রেরণ করে, অনেকে বিস্তারিত ব্যাখ্যা বিশ্লেষণও প্রদান করে। মতামত গ্রহণের পাশাপাশি প্রথম পর্যায়ে ২০ মার্চ থেকে ১৯ মে ২০২৫ তারিখ পর্যন্ত ৩২টি রাজনৈতিক দল ও জোটের সঙ্গে জাতীয় ঐকমত্য কমিশনের মোট ৪৪টি বৈঠক অনুষ্ঠিত হয়। আলোচনা ফলপ্রসূ করার লক্ষ্যে কিছু দলের সঙ্গে কমিশনের একাধিকবার বৈঠক হয়। রাজনৈতিক দলগুলোর সাথে প্রথম পর্যায়ের আলোচনা শেষে কমিশন মৌলিক সাংবিধানিক সংস্কার বিবেচনায় গুরুত্বপূর্ণ মোট ২০টি বিষয় নিয়ে দ্বিতীয় দফায় আলোচনায় মিলিত হয়। এ পর্যায়ে ৩ জুন থেকে ৩১ জুলাই ২০২৫ তারিখ পর্যন্ত ৩০টি দল ও জোটের প্রতিনিধিগণ একত্রিত হয়ে ব্যাপকভিত্তিক আলোচনায় অংশ নেন। এ পর্বে রাজনৈতিক দল ও জোটগুলোর সঙ্গে জাতীয় ঐকমত্য কমিশনের মোট ২৩টি বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনার ভিত্তিতে ৩০টি রাজনৈতিক দল ও জোটের মতামত এই সনদে অন্তর্ভুক্ত করা হয়েছে। এই প্রক্রিয়ার ফলাফলস্বরূপ নিম্নলিখিত 'জুলাই জাতীয় সনদ ২০২৫' কিছু বিষয়ে কয়েকটি রাজনৈতিক দল ও জোটের ভিন্নমতসহ সর্বসম্মতভাবে প্রণীত হয়।

**৫। ঐকমত্যের ঘোষণা**

জাতীয় ঐকমত্য কমিশন এবং বিভিন্ন রাজনৈতিক দল ও জোটের সঙ্গে পারস্পরিক আলাপ-আলোচনার ভিত্তিতে, আমরা অংশগ্রহণকারী রাজনৈতিক দল ও জোটের প্রতিনিধিরা স্ব-স্ব দলের পক্ষ থেকে—

(ক) বিদ্যমান শাসন ব্যবস্থা তথা সংবিধান, নির্বাচন ব্যবস্থা, বিচার ব্যবস্থা, জনপ্রশাসন, পুলিশি ব্যবস্থা ও দুর্নীতি দমন বিষয়ে নিম্নলিখিত কাঠামোগত, আইনি ও প্রাতিষ্ঠানিক পরিবর্তনের ব্যাপারে ঐকমত্যে উপনীত হয়েছি;

(খ) এসব বিষয়কে এই জাতীয় সনদে (কিছু বিষয়ে ভিন্নমতসহ) সন্নিবেশিত করতে সম্মত হয়েছি; এবং

(গ) ২০০৯ সাল পরবর্তী ১৬ বছরে ফ্যাসিবাদ বিরোধী গণতান্ত্রিক আন্দোলন এবং ২০২৪ সালের জুলাই-আগস্টে সংঘটিত গণঅভ্যুত্থানের বীর শহীদ ও আহতদের প্রতি গভীর শ্রদ্ধা প্রকাশ, গ্রেফতার ও কারাবরণকারীদের প্রতি সহমর্মিতা এবং উক্ত গণঅভ্যুত্থানে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে অংশগ্রহণকারীদের প্রতি কৃতজ্ঞতার স্মারক হিসেবে আমরা এই সনদকে 'জুলাই জাতীয় সনদ ২০২৫' হিসেবে ঘোষণা করছি।

**৬। ঐকমত্যে উপনীত হওয়া বিষয়সমূহ:**

## (ক) সংবিধান সংশোধন সাপেক্ষে সংস্কারের বিষয়সমূহ

| জুলাই জাতীয় সনদের ভাষ্য | রাজনৈতিক দল ও জোটের মতামত |
|---|---|
| **রাষ্ট্র ভাষা, নাগরিকত্ব ও সংবিধান** | |
| **১। ভাষা:** প্রজাতন্ত্রের রাষ্ট্র ভাষা হবে বাংলা। সংবিধানে বাংলাদেশের নাগরিকদের মাতৃভাষা হিসেবে ব্যবহৃত অন্যান্য সকল ভাষাকে দেশের প্রচলিত ভাষা হিসেবে স্বীকৃতি প্রদান করা হবে। | **৩২টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)। |
| **২। বাংলাদেশের নাগরিকদের পরিচয়:** বিদ্যমান সংবিধানের অনুচ্ছেদ ৬(২)-এ বর্ণিত 'বাংলাদেশের জনগণ জাতি হিসাবে বাঙালী এবং নাগরিকগণ বাংলাদেশী বলিয়া পরিচিত হইবেন' বিধানটি নিম্নোক্তভাবে প্রতিস্থাপন করা হবে: "বাংলাদেশের নাগরিকগণ 'বাংলাদেশি' বলিয়া পরিচিত হইবেন।" | **২৯টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br>**৩টি রাজনৈতিক দল একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (৯), (১৫) ও (২৮)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **৩। সংবিধান সংশোধন:** সংবিধান সংশোধনের জন্য সংসদের নিম্নকক্ষের দুই-তৃতীয়াংশ এবং উচ্চকক্ষের সংখ্যাগরিষ্ঠ সদস্যের সমর্থন প্রয়োজন হবে; তবে প্রস্তাবনাসহ সুনির্দিষ্ট কতগুলো অনুচ্ছেদ যথা ৮, ৪৮, ৫৬, ১৪২ এবং তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা, যা অনুচ্ছেদ ৫৮ক, ২ক পরিচ্ছেদ (৫৮খ, ৫৮গ, ৫৮ঘ ও ৫৮ঙ অনুচ্ছেদ) হিসেবে সংবিধানে যুক্ত হবে, তা সংশোধনের ক্ষেত্রে গণভোটের প্রয়োজন হবে। | **৩০টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১) ['সংবিধান সংশোধনের জন্য সংসদের নিম্নকক্ষের দুই-তৃতীয়াংশ' এর সাথে একমত], (২২), (২৩), (২৪), (২৫), (২৭), (২৮) [দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতায় সংশোধনের পক্ষে], (৩০), (৩১), (৩২) ও (৩৩) [উচ্চকক্ষের ক্ষমতা ও কর্মপরিধি নিয়ে ভিন্নমত আছে]। |

| | |
|---|---|
| | **২টি রাজনৈতিক দলের নোট অব ডিসেন্ট:**<br>পরিশিষ্টের ক্রমিক (২১) [উচ্চকক্ষের ক্ষমতা ও কর্মপরিধি নিয়ে ভিন্নমত আছে **অর্থাৎ সংবিধান সংশোধন সংক্রান্ত কোনো এখতিয়ার উচ্চকক্ষের থাকবে না**] ও (২৮) [বর্তমান আর্থ-সামাজিক বাস্তবতায় এ মুহূর্তে উচ্চকক্ষের প্রয়োজন নেই]।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **৪। সংবিধান বিলুপ্তি ও স্থগিতকরণ ইত্যাদির অপরাধ:** সংবিধান বিষয়ক অপরাধ ও সংবিধান সংশোধনের সীমাবদ্ধতা বিষয়ক বিদ্যমান সংবিধানের অনুচ্ছেদ ৭ক এবং ৭খ বিলুপ্ত করা হবে। | **২৯টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br><br>**৩টি রাজনৈতিক দল একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (৮), (৯) ও (২০)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **৫। ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলি:** সংবিধানের অনুচ্ছেদ ১৫০(২) **সংশোধন** করা হবে এবং এ সংশ্লিষ্ট ৫ম ও ৬ষ্ঠ তফসিল সংবিধানে রাখা হবে না। | **২২টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (১০), (১১), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২১), (২২), (২৩), (২৪), (২৬), (৩২) ও (৩৩)।<br><br>**৮টি রাজনৈতিক দল একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (৯), (১২), (১৩), (২০), (২৫), (২৭), (২৮), (২৯), (৩০) ও (৩১)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| ৬। **জরুরি অবস্থা ঘোষণা:** (১) বিদ্যমান সংবিধানের অনুচ্ছেদ ১৪১ক সংশোধনের সময় 'অভ্যন্তরীণ গোলযোগের' শব্দগুলোর পরিবর্তে 'রাষ্ট্রীয় স্বাধীনতা, সার্বভৌমত্ব ও অখন্ডতার প্রতি হুমকি বা মহামারি বা প্রাকৃতিক দুর্যোগ' শব্দগুলো প্রতিস্থাপিত হবে। (২) জরুরি অবস্থা ঘোষণার জন্য প্রধানমন্ত্রীর প্রতিস্বাক্ষরের পরিবর্তে মন্ত্রিসভার অনুমোদনের বিধান যুক্ত করা হবে। জরুরি অবস্থা ঘোষণা সম্পর্কিত মন্ত্রিসভা বৈঠকে বিরোধীদলীয় নেতা অথবা তার অনুপস্থিতিতে | **২৯টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br><br>**১টি রাজনৈতিক দলের নোট অব ডিসেন্ট:**<br>পরিশিষ্টের ক্রমিক (২৭)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট** |

| | |
|---|---|
| বিরোধীদলীয় উপনেতার উপস্থিতি অন্তর্ভুক্ত করা হবে। (৩) জরুরি অবস্থাকালীন নাগরিকের দুইটি অধিকার অলঙ্ঘনীয় করার লক্ষ্যে এ মর্মে বিধান করা হবে যে, "অনুচ্ছেদ ৪৭ক-এর বিধান সাপেক্ষে কোনো নাগরিকের (ক) জীবনের অধিকার (Right to life) এবং (খ) বিচার ও দণ্ড সম্পর্কে বিদ্যমান সংবিধানের অনুচ্ছেদ ৩৫-এ বর্ণিত মৌলিক অধিকারসমূহ খর্ব করা যাবে না।" | **লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **রাষ্ট্র পরিচালনার মূলনীতি** | |
| ৭। **মূলনীতিসমূহ:** সংবিধানে রাষ্ট্র পরিচালনার মূলনীতি অংশে 'সাম্য, মানবিক মর্যাদা, সামাজিক ন্যায়বিচার এবং ধর্মীয় স্বাধীনতা ও সম্প্রীতি' উল্লেখ থাকবে। | **২৪টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৫), (৬), (৭), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৬), (১৭), (১৮), (১৯), (২১), (২২), (২৩), (২৪), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br><br>**৬টি রাজনৈতিক দলের নোট অব ডিসেন্ট:**<br>পরিশিষ্টের ক্রমিক (৯), (১৫), (২০), (২৫), (২৭) ও (২৮)।<br><br>[নোট: পরিশিষ্টের ক্রমিক (৯), (১৫), (২০), (২৫), (২৭) ও (২৮)-এ উল্লিখিত ৬টি রাজনৈতিক দল বিদ্যমান চার মূলনীতি অপরিবর্তিত রেখে যুক্ত করার বিষয়ে একমত।]<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| ৮। **সকল সম্প্রদায়ের সহাবস্থান ও মর্যাদা:** সংবিধানে এরূপ যুক্ত করা হবে যে, বাংলাদেশ একটি বহু-জাতি-গোষ্ঠী, বহু-ধর্মী, বহু-ভাষী ও বহু-সংস্কৃতির দেশ যেখানে সকল সম্প্রদায়ের সহাবস্থান ও যথাযথ মর্যাদা নিশ্চিত করা হবে। | **২৯টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br>**৩টি রাজনৈতিক দল একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (৯), (২৭) ও (২৯)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| ৯। **মৌলিক অধিকারসমূহের তালিকা সম্প্রসারণ:** নাগরিকের মৌলিক অধিকার সম্প্রসারণ, সেগুলোর সুরক্ষা এবং বাস্তবায়নে সাংবিধানিক ও আইনি ব্যবস্থা নিশ্চিত করা হবে। নাগরিকের মৌলিক অধিকার সম্প্রসারণ সংক্রান্ত বিস্তারিত প্রস্তাবগুলো জাতীয় | **২৯টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)। |

| | |
|---|---|
| ঐকমত্য কমিশনের রিপোর্টে উল্লেখ করা হবে, যাতে রাজনৈতিক দলের নেতৃবৃন্দ বিষয়টির গুরুত্ব অনুধাবন করেন এবং ভবিষ্যতে জনপ্রতিনিধিরা সাংবিধানিক ব্যবস্থা ও আইনি বিধানাবলি পরিবর্তন করতে পারেন। | **১টি রাজনৈতিক দলের নোট অব ডিসেন্ট:**<br>পরিশিষ্টের ক্রমিক (২৭)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| রাষ্ট্রপতি | |
| **১০। রাষ্ট্রপতি নির্বাচন পদ্ধতি:** সংবিধানে এরূপ যুক্ত করা হবে যে, বাংলাদেশের একজন রাষ্ট্রপতি থাকবেন, যিনি আইন অনুযায়ী আইনসভার উভয় কক্ষের (নিম্নকক্ষ ও উচ্চকক্ষ) সদস্যদের গোপন ভোটে সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে নির্বাচিত হবেন। রাষ্ট্রপতি নির্বাচনে প্রার্থী হওয়ার ক্ষেত্রে বিদ্যমান সংবিধানের অনুচ্ছেদ ৪৮(৪)-এ বর্ণিত যোগ্যতাসমূহ এবং রাষ্ট্রপতি পদে প্রার্থী হওয়ার সময় কোনো ব্যক্তি কোনো রাষ্ট্রীয়, সরকারি বা রাজনৈতিক দল বা সংগঠনের পদে থাকতে পারবেন না। | **২৯টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br>**১টি রাজনৈতিক দলের নোট অব ডিসেন্ট:**<br>পরিশিষ্টের ক্রমিক (৪)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **১১। রাষ্ট্রপতির ক্ষমতা ও দায়িত্ব:** রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর ক্ষমতার ভারসাম্য আনয়নের লক্ষ্যে এবং রাষ্ট্রপতির ক্ষমতা বৃদ্ধির উদ্দেশ্যে সংবিধানের অনুচ্ছেদ ৪৮(৩)-এর সংশোধনী আনয়ন করা, যাতে কারো পরামর্শ বা সুপারিশ ছাড়াই নিজ এখতিয়ারবলে রাষ্ট্রপতি নিম্নলিখিত পদে নিয়োগ প্রদান করতে পারেন: (১) জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান ও সদস্যগণ, (২) তথ্য কমিশনের প্রধান তথ্য কমিশনার ও তথ্য কমিশনারগণ, (৩) বাংলাদেশ প্রেস কাউন্সিলের চেয়ারম্যান ও সদস্যগণ, (৪) আইন কমিশনের চেয়ারম্যান ও সদস্যগণ, (৫) বাংলাদেশ ব্যাংকের গভর্নর, এবং (৬) বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের চেয়ারম্যান ও সদস্যগণ। | **৩০টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>দফা ১১ এর ক্রমিক (১)-(৪)-এর বিষয়ে পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br>**৯টি রাজনৈতিক দল ও জোটের নোট অব ডিসেন্ট:**<br>দফা ১১ এর ক্রমিক (৫) ও (৬)-এর বিষয়ে পরিশিষ্টের ক্রমিক (১), (৩), (১১), (১৬), (১৭), (২১), (২৪) ও (৩৩) এবং দফা ১১ এর ক্রমিক (৫)-এর বিষয়ে পরিশিষ্টের ক্রমিক (৪)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **১২। রাষ্ট্রপতির অভিশংসন প্রক্রিয়া:** সংবিধানে এরূপ যুক্ত করা হবে যে, রাষ্ট্রদ্রোহ, গুরুতর অসদাচরণ বা সংবিধান লঙ্ঘনের জন্য রাষ্ট্রপতিকে অভিশংসন করা যাবে। আইনসভার নিম্নকক্ষে অভিশংসন প্রস্তাবটি দুই-তৃতীয়াংশ সদস্যের ভোটে পাস করার পর তা উচ্চকক্ষে প্রেরণ এবং উচ্চকক্ষে শুনানির মাধ্যমে দুই-তৃতীয়াংশের সমর্থনে অভিশংসন প্রক্রিয়া সম্পন্ন করা | **২৯টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (১০), (১১), (১২), (১৪), (১৫), (১৬), (১৭), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br>**৩টি রাজনৈতিক দল একমত নয়:** |

| | |
|---|---|
| হবে। | পরিশিষ্টের ক্রমিক (৯), (১৩) ও (১৮)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **১৩। রাষ্ট্রপতির ক্ষমা প্রদর্শন:** সংবিধানে এরূপ যুক্ত করা হবে যে, কোনো আদালত, ট্রাইব্যুনাল বা অন্য কোনো কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত যেকোনো দণ্ডের মার্জনা, বিলম্বন ও বিরাম মঞ্জুর করার এবং যেকোনো দণ্ড মওকুফ, স্থগিত বা হ্রাস করার ক্ষমতা রাষ্ট্রপতির থাকবে এবং আইনের দ্বারা নির্ধারিত মানদণ্ড, নীতি ও পদ্ধতি অনুসরণক্রমে তিনি উক্ত ক্ষমতা প্রয়োগ করবেন। সংশ্লিষ্ট আইনে এরূপ বিধান রাখা হবে যে, এরূপ কোনো আবেদন বিবেচনার পূর্বে মামলার বাদী বা ক্ষতিগ্রস্ত ব্যক্তির পরিবারের সম্মতি গ্রহণ করা হবে। | **৩০টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)। |
| **প্রধানমন্ত্রী ও তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা** | |
| **১৪। প্রধানমন্ত্রীর পদের মেয়াদ:** একজন ব্যক্তি প্রধানমন্ত্রী পদে যত মেয়াদ বা যত বারই হোক সর্বোচ্চ ১০ (দশ) বছর থাকতে পারবেন, এজন্য সংবিধানের সংশ্লিষ্ট অনুচ্ছেদসমূহের প্রয়োজনীয় সংশোধন করা হবে। | **৩০টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)। |
| **১৫। প্রধানমন্ত্রীর একাধিক পদে থাকার বিধান:** সংবিধানে এরূপ যুক্ত করা হবে যে, প্রধানমন্ত্রী পদে আসীন ব্যক্তি একই সঙ্গে দলীয় প্রধানের পদে অধিষ্ঠিত থাকবেন না। | **২৬টি রাজনৈতিক দল একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৮), (১৯), (২০), (২২), (২৩), (২৪), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br>**৪টি রাজনৈতিক দল ও জোটের নোট অব ডিসেন্ট:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (১৬), (১৭) ও (২১) **[প্রধানমন্ত্রী একই সাথে দলীয় প্রধান থাকতে পারবেন]।**<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **১৬। তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা:**<br>সংবিধান সংশোধন করে নিম্নরূপ বিধান সংযুক্ত করা হবে—<br>(১) মেয়াদ অবসানের কারণে অথবা মেয়াদ অবসান ব্যতীত অন্য কোনো কারণে সংসদ ভেঙ্গে যাওয়ার পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে সংসদ সদস্যদের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। | **৩০টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)। |

| | |
|---|---|
| (২) সংবিধানের অনুচ্ছেদ ৫৮খ সংশোধনপূর্বক সংসদের মেয়াদ অবসান হওয়ার ১৫ (পনেরো) দিন পূর্বে এবং মেয়াদ অবসান ব্যতীত অন্য কোনো কারণে সংসদ ভেঙ্গে গেলে ভঙ্গ হওয়ার পরবর্তী ১৫ (পনেরো) দিনের মধ্যে নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা নিয়োগের বিষয়টি চূড়ান্ত করা হবে। | |
| (৩) মেয়াদ অবসানের ক্ষেত্রে সংসদের মেয়াদ অবসান হওয়ার ৩০ (ত্রিশ) দিন পূর্বে আইনসভার নিম্নকক্ষের স্পিকারের তত্ত্বাবধানে এবং জাতীয় সংসদ সচিবালয়ের ব্যবস্থাপনায়— (১) প্রধানমন্ত্রী, (২) বিরোধীদলীয় নেতা, (৩) স্পিকার, (৪) ডেপুটি স্পিকার (বিরোধী দলের) এবং (৫) সংসদের দ্বিতীয় বৃহত্তম বিরোধী দলের একজন প্রতিনিধি— (যদি সংসদে আসন সংখ্যার বিবেচনায় একাধিক দল দ্বিতীয় বৃহত্তম বিরোধী দলের অবস্থানে থাকে তাহলে সেসব দলের মধ্য থেকে নির্বাচনে সর্বোচ্চ পরিমাণে ভোটপ্রাপ্ত দলটিই দ্বিতীয় বৃহত্তম বিরোধী দল হিসেবে বিবেচিত হবে) মোট ৫ (পাঁচ) সদস্য সমন্বয়ে একটি 'নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা বাছাই কমিটি' গঠিত হবে। কমিটির যেকোনো বৈঠক ও সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় জাতীয় সংসদের স্পিকার সভাপতিত্ব করবেন। | |
| (৪) কমিটি গঠিত হওয়ার পরবর্তী ২৪ (চব্বিশ) ঘণ্টার মধ্যে কমিটি নিবন্ধিত রাজনৈতিক দলসমূহ, সংসদে প্রতিনিধিত্বকারী রাজনৈতিক দলসমূহ এবং জাতীয় সংসদের স্বতন্ত্র সদস্যদের নিকট হতে সংবিধানের অনুচ্ছেদ ৫৮গ(৭)-এ বর্ণিত তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা হওয়ার যোগ্যতাসম্পন্ন ব্যক্তির নাম প্রস্তাবের আহ্বান করবে এবং এক্ষেত্রে প্রতিটি দল ১ (এক) জন এবং একজন স্বতন্ত্র সংসদ সদস্য ১ (এক) জন মাত্র ব্যক্তির নাম প্রস্তাব করতে পারবেন। | **২৮টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২৩), (২৪), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br>**২টি রাজনৈতিক দলের নোট অব ডিসেন্ট:**<br>পরিশিষ্টের ক্রমিক (৪) ও (২২) মোট ২টি রাজনৈতিক দল দফা ১৬-এর ক্রমিক (৪)-এ উল্লেখিত 'নিবন্ধিত রাজনৈতিক দলসমূহ' বাদ দেওয়ার প্রস্তাব করেছে।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| (৫) রাজনৈতিক দলসমূহ এবং স্বতন্ত্র সংসদ সদস্যগণ পরবর্তী ২৪ (চব্বিশ) ঘণ্টার মধ্যে জাতীয় সংসদ সচিবালয়ে তাদের প্রস্তাবিত নাম দাখিল করবে। কমিটি নিজ উদ্যোগেও তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা পদের জন্য উপযুক্ত ব্যক্তির নাম অনুসন্ধান ও অন্তর্ভুক্ত করতে পারবে। | **৩০টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)। |
| (৬) পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে কমিটির সদস্যগণ সভায় মিলিত হয়ে নিজেদের অনুসন্ধানে প্রাপ্ত | |

| | |
|---|---|
| এবং রাজনৈতিক দলসমূহ ও স্বতন্ত্র সংসদ সদস্যদের নিকট হতে প্রস্তাবিত নামসমূহ নিয়ে নিজেদের মধ্যে আলাপ-আলোচনা করত বাংলাদেশের যে সকল নাগরিক সংবিধানের অনুচ্ছেদ ৫৮গ(৭)-এর অধীনে উপদেষ্টা হওয়ার যোগ্য তাদের মধ্য হতে একজনকে তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে বেছে নিবেন এবং তিনি রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হবেন। | |
| (৭) বাছাই কমিটি গঠিত হওয়ার পরবর্তী ১২০ (একশত কুড়ি) ঘণ্টার মধ্যে এ পদ্ধতিতে প্রধান উপদেষ্টা হিসেবে কোনো ব্যক্তিকে চূড়ান্ত করা সম্ভব না হলে পরবর্তী ৪৮ (আটচল্লিশ) ঘণ্টার মধ্যে প্রধান উপদেষ্টা পদের জন্য অনুচ্ছেদ ৫৮গ-এ বর্ণিত শর্ত অনুসরণপূর্বক সংসদের সরকারি দল/জোট ৫ (পাঁচ) জন উপযুক্ত ব্যক্তির নাম প্রস্তাব করবে এবং প্রধান বিরোধী দল/জোট ৫ (পাঁচ) জন উপযুক্ত ব্যক্তির নাম প্রস্তাব করবে। এছাড়া, সংসদের দ্বিতীয় বৃহত্তম বিরোধী দল ২ (দুই) জন উপযুক্ত ব্যক্তির নাম প্রস্তাব করবে। যদি সংসদে আসন সংখ্যার বিবেচনায় একাধিক দল দ্বিতীয় বৃহত্তম বিরোধী দলের অবস্থানে থাকে তাহলে সেসব দলের মধ্যে নির্বাচনে সর্বোচ্চ পরিমাণ ভোটপ্রাপ্ত দলটিই দ্বিতীয় বৃহত্তম বিরোধী দল হিসেবে বিবেচিত হবে। উপর্যুক্ত প্রক্রিয়ায় প্রাপ্ত নামসমূহ স্পিকার জনসাধারণের অবগতির জন্য প্রকাশ করবেন। | |
| (৮) উপর্যুক্ত দফা (৭)-এ বর্ণিত সময় অতিবাহিত হওয়ার পরবর্তী ৪৮ (আটচল্লিশ) ঘণ্টার মধ্যে সরকারি দল/জোটের প্রস্তাবিত ৫ (পাঁচ) জন ব্যক্তির নামের তালিকা হতে প্রধান বিরোধী দল/জোট যেকোনো ১ (এক) জনকে বেছে নিবে; অনুরূপভাবে প্রধান বিরোধী দল প্রস্তাবিত ৫ (পাঁচ) জন ব্যক্তির নামের তালিকা হতে সরকারি দল যেকোনো ১ (এক) জনকে বেছে নিবে। দ্বিতীয় বৃহত্তম বিরোধী দলের প্রস্তাবিত মোট ২ (দুই) জনের নামের তালিকা হতে সরকারি দল/জোট যেকোনো একজনকে বেছে নিবে এবং প্রধান বিরোধী দল/জোট যেকোনো ১ (এক) জনকে বেছে নিবে। এই পদ্ধতিতে প্রাপ্ত নামসমূহের মধ্য হতে যেকোনো একজনের ব্যাপারে যদি প্রস্তাবকারী দলগুলোর মধ্যে ঐকমত্য প্রতিষ্ঠিত হয়, তবে তিনিই পরবর্তী তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে মনোনীত হবেন। অথবা কোনো একজনের ব্যাপারে কমিটির ৫ (পাঁচ) জন সদস্যের মধ্যে যদি ৪ (চার) জন সদস্য একমত হন তাহলে তিনিই পরবর্তী তত্ত্বাবধায়ক | |

| | |
|---|---|
| সরকারের প্রধান উপদেষ্টা মনোনীত হবেন। | |
| (৯) যদি উপর্যুক্ত পদ্ধতিতে কোনো একজনের বিষয়ে প্রস্তাবকারী পক্ষসমূহ একমত হতে না পারে তাহলে পরবর্তী ২৪ (চব্বিশ) ঘণ্টার মধ্যে বিচার বিভাগের দুইজন প্রতিনিধি বাছাই কমিটিতে সদস্য হিসেবে যুক্ত হবেন; তবে তারা তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে কারও নাম প্রস্তাব করতে পারবেন না। উক্ত দুইজন প্রতিনিধির মধ্যে ১ (এক) জন আপীল বিভাগের বিচারপতি হবেন এবং ১ (এক) জন হাইকোর্ট বিভাগের বিচারপতি হবেন। উক্ত ২ (দুই) জন বিচার বিভাগীয় প্রতিনিধিকে মনোনীত করার জন্য- (১) সর্বশেষ অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি, (২) কর্মরত প্রধান বিচারপতি এবং (৩) আপীল বিভাগের জ্যেষ্ঠতম বিচারপতি সমন্বয়ে ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠিত হবে। | **২৩টি রাজনৈতিক দল একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১২), (১৩), (১৪), (১৫), (১৮), (১৯), (২০), (২২), (২৩), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১) ও (৩২)।<br>**৭টি রাজনৈতিক দল ও জোটের নোট অব ডিসেন্ট:**<br>তত্ত্বাবধায়ক সরকার গঠনের এই স্তর বিষয়ে নোট অব ডিসেন্ট প্রদান করে এই স্তরটি জাতীয় সংসদ কর্তৃক নির্ধারণের প্রস্তাব করেছে পরিশিষ্টের ক্রমিক (১), (১১), (১৬), (১৭), (২১), (২৪) ও (৩৩)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| (১০) এই পর্যায়ে ৭ (সাত) সদস্য বিশিষ্ট উক্ত বাছাই কমিটির সদস্যগণ পরবর্তী ২৪ (চব্বিশ) ঘণ্টার মধ্যে স্পিকারের তত্ত্বাবধানে গোপন ব্যালটে 'র‍্যাংকড চয়েজ' (Ranked Choice) বা ক্রমভিত্তিক ভোটিং পদ্ধতি প্রয়োগ করে উক্ত সংক্ষিপ্ত তালিকা হতে যেকোনো ১ (এক) জনকে পরবর্তী তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে বেছে নিবেন। | **২৩টি রাজনৈতিক দল একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১২), (১৩), (১৪), (১৫), (১৮), (১৯), (২০), (২২), (২৩), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১) ও (৩২)।<br>**৭টি রাজনৈতিক দল ও জোটের নোট অব ডিসেন্ট:**<br>তত্ত্বাবধায়ক সরকার গঠনের এই স্তর বিষয়ে নোট অব ডিসেন্ট প্রদান করে এই স্তরটি জাতীয় সংসদ কর্তৃক নির্ধারণের প্রস্তাব করেছে পরিশিষ্টের ক্রমিক (১), (১১), (১৬), (১৭), (২১), (২৪) ও (৩৩)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| (১১) উপর্যুক্ত যেকোনো পদ্ধতিতে মনোনীত ব্যক্তিকে পরবর্তী ২৪ (চব্বিশ) ঘণ্টার মধ্যে রাষ্ট্রপতি পরবর্তী ৯০ (নব্বই) দিনের জন্য প্রধান উপদেষ্টা পদে নিয়োগদান করবেন; তবে শর্ত থাকে যে, সংসদ বহাল থাকা অবস্থায় তিনি শপথ গ্রহণ করবেন না। | **৩০টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)। |
| (১২) উপর্যুক্ত পদ্ধতিসমূহের মাধ্যমেও যদি তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা বেছে নেওয়া সম্ভব না হয় তাহলে সংবিধানের ত্রয়োদশ সংশোধনী অনুসরণ করতে হবে; তবে শর্ত থাকে যে, এক্ষেত্রে রাষ্ট্রপতিকে তত্ত্বাবধায়ক সরকারের প্রধান হিসেবে বেছে নেওয়া যাবে না। | **২৮টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২১), (২২), (২৪), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br>**২টি রাজনৈতিক দলের নোট অব ডিসেন্ট:**<br>পরিশিষ্টের ক্রমিক (২০) [বিচার বিভাগকে তত্ত্বাবধায়ক |

| | |
|---|---|
| | সরকারের বাইরে রাখার পক্ষে] ও (২৩)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| (১৩) কোনো কারণে প্রধান উপদেষ্টার পদ শূন্য হলে রাষ্ট্রপতি অবিলম্বে তত্ত্বাবধায়ক সরকারের অবশিষ্ট মেয়াদের জন্য পূর্ববর্তী র‍্যাংকড চয়েজ বা ক্রমভিত্তিক ভোটিং পদ্ধতিতে দ্বিতীয় স্থানে থাকা বয়সে জ্যেষ্ঠতম ব্যক্তিকে তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা পদে নিয়োগদান করবেন। দ্বিতীয় স্থানে থাকা বয়সে জ্যেষ্ঠতম ব্যক্তি দায়িত্ব গ্রহণে অসম্মতি জানালে অথবা দায়িত্ব পালনে অপারগ হলে র‍্যাংকড চয়েজ বা ক্রমভিত্তিক ভোটিং পদ্ধতিতে পরবর্তী স্থানে থাকা ব্যক্তি তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা পদে অবশিষ্ট মেয়াদের জন্য নিযুক্ত হবেন। এই পদ্ধতিতে প্রধান উপদেষ্টা পদে পরিবর্তন হলেও উপদেষ্টা পরিষদ বহাল থাকবে। তবে উপদেষ্টা পরিষদের কোনো পদ শূন্য হলে নবনিযুক্ত প্রধান উপদেষ্টা সেই শূন্য পদ পূরণের অধিকার রাখবেন। | **২৩টি রাজনৈতিক দল একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৮), (১৯), (২২), (২৩), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১) ও (৩২)।<br>**৭টি রাজনৈতিক দল ও জোটের নোট অব ডিসেন্ট:**<br>তত্ত্বাবধায়ক সরকার গঠনের এই স্তর বিষয়ে নোট অব ডিসেন্ট প্রদান করে এই স্তরটি জাতীয় সংসদ কর্তৃক নির্ধারণের প্রস্তাব করেছে পরিশিষ্টের ক্রমিক (১), (১৬), (১৭), (২০), (২১), (২৪) ও (৩৩)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| (১৪) নিয়োগলাভের পর প্রধান উপদেষ্টা উপর্যুক্ত বাছাই কমিটির সঙ্গে পরামর্শক্রমে সংবিধানের অনুচ্ছেদ ৫৮গ(৭)-এ বর্ণিত উপযুক্ত ব্যক্তিদের মধ্য হতে অনধিক ১৫ (পনেরো) জন ব্যক্তিকে উপদেষ্টা হিসেবে নিয়োগের জন্য বেছে নিবেন এবং রাষ্ট্রপতি তাদের নিয়োগ প্রদান করবেন। | **৩০টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)। |
| (১৫) মেয়াদ অবসান ব্যতীত অন্য কোনো কারণে সংসদ ভেঙ্গে গেলে, ভঙ্গ হওয়ার পরবর্তী ২৪ (চব্বিশ) ঘণ্টার মধ্যে জাতীয় সংসদ সচিবালয়ের ব্যবস্থাপনায় বিলুপ্ত সংসদের একই ধরনের প্রতিনিধিত্ব নিয়ে ‘নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা বাছাই কমিটি’ গঠিত হবে এবং উক্ত কমিটি পরবর্তী ১৪ (চৌদ্দ) দিন তথা ৩৩৬ (তিনশত ছত্রিশ) ঘণ্টার মধ্যে উক্তরূপ অভিন্ন পদ্ধতিতে ১ (এক) জন ব্যক্তিকে তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে বেছে নিবে এবং তিনি অবিলম্বে রাষ্ট্রপতি কর্তৃক প্রধান উপদেষ্টা নিযুক্ত হবেন। | |
| (১৬) সংবিধানের অনুচ্ছেদ ৫৮গ(৭)(ঘ) সংশোধনপূর্বক “বাহাত্তর বৎসরের অধিক বয়স্ক নহেন” শব্দসমূহের পরিবর্তে “পঁচাত্তর বৎসরের অধিক বয়স্ক নহেন” শব্দসমূহ প্রতিস্থাপিত হবে। | |
| (১৭) তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা | |

| | |
|---|---|
| প্রধানমন্ত্রীর পদমর্যাদা ও সুযোগ-সুবিধা ভোগ করবেন এবং উপদেষ্টাগণ মন্ত্রীর পদমর্যাদা ও সুযোগ-সুবিধা ভোগ করবেন। | |
| (১৮) সংবিধানে বর্ণিত বিধানাবলি সাপেক্ষে তত্ত্বাবধায়ক সরকারের দায়িত্ব, কর্তব্য, এখতিয়ার ও অবসানের সময়সীমা নির্ধারিত হবে। | |
| (১৯) নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকারের মেয়াদ হবে অনধিক ৯০ (নব্বই) দিন। তবে দৈব-দুর্বিপাকজনিত কারণে নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচন অনুষ্ঠান সম্ভব না হলে নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকার আরও সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিন দায়িত্ব পালন করতে পারবে। | |
| (২০) নতুন সংসদ গঠিত হওয়ার পর প্রধানমন্ত্রী যে তারিখে তার পদের কার্যভার গ্রহণ করবেন সেই তারিখে নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকার বিলুপ্ত হবে। | |
| (২১) ত্রয়োদশ সংশোধনীর অনুচ্ছেদ ৫৮গ(২)-এর বিধানে উল্লিখিত ব্যবস্থা বহাল থাকবে। | |
| আইনসভা | |
| **১৭। আইনসভা গঠন:** সংবিধানে এরূপ যুক্ত করা হবে যে, বাংলাদেশে একটি দ্বি-কক্ষ বিশিষ্ট আইনসভা থাকবে, যা নিম্নকক্ষ (জাতীয় সংসদ) এবং উচ্চকক্ষ (সিনেট) সমন্বয়ে গঠিত হবে। | **২৫টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৭), (৩০), (৩১) ও (৩২)।<br>**৫টি রাজনৈতিক দলের নোট অব ডিসেন্ট:**<br>পরিশিষ্টের ক্রমিক (২), (১১), (২৫), (২৮) [বর্তমান আর্থ-সামাজিক বাস্তবতায় এ মুহূর্তে উচ্চকক্ষের প্রয়োজন নেই] ও (৩৩)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| উচ্চকক্ষের গঠন, সদস্য নির্বাচন পদ্ধতি ও এখতিয়ার | |
| **১৮। উচ্চকক্ষের গঠন:** (ক) নিম্নকক্ষের নির্বাচনে প্রাপ্ত ভোটের সংখ্যানুপাতিক প্রতিনিধিত্ব (Proportional Representation-PR) পদ্ধতিতে উচ্চকক্ষের ১০০ (একশত) জন সদস্য নির্বাচিত হবেন। | **২৪টি রাজনৈতিক দল একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৫), (২৭), (৩০), (৩১) ও (৩২)।<br>**৭টি রাজনৈতিক দল ও জোটের নোট অব ডিসেন্ট:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (১৬), (১৭), (২১) [উচ্চকক্ষের গঠন প্রক্রিয়া নিয়ে ভিন্নমত আছে অর্থাৎ নিম্নকক্ষের আসনের সংখ্যানুপাতিক প্রতিনিধিত্ব পদ্ধতিতে উচ্চকক্ষ গঠিত |

| | |
|---|---|
| | হবে], (২৪), (২৮) [বর্তমান আর্থ-সামাজিক বাস্তবতায় এ মুহূর্তে উচ্চকক্ষের প্রয়োজন নেই] ও (৩৩)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| (খ) উচ্চকক্ষের মেয়াদ হবে শপথ গ্রহণের তারিখ হতে ৫ (পাঁচ) বছর। তবে কোনো কারণে নিম্নকক্ষ ভেঙ্গে গেলে উচ্চকক্ষ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে। | **২৯টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৭), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br><br>**১টি রাজনৈতিক দলের নোট অব ডিসেন্ট:**<br>পরিশিষ্টের ক্রমিক (২৮) [বর্তমান আর্থ-সামাজিক বাস্তবতায় এ মুহূর্তে উচ্চকক্ষের প্রয়োজন নেই]।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| (গ) রাজনৈতিক দলগুলো নিম্নকক্ষের সাধারণ নির্বাচনের চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশের সময় একই সঙ্গে উচ্চকক্ষের প্রার্থী তালিকা প্রকাশ করবে। তালিকায় কমপক্ষে ১০ (দশ) শতাংশ নারী প্রার্থী থাকতে হবে। | **২৩টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৭), (১৮), (২০), (২২), (২৩), (২৫), (২৭), (৩০), (৩১) ও (৩২)।<br>**৭টি রাজনৈতিক দল ও জোটের নোট অব ডিসেন্ট:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (১৬), (১৯), (২১), (২৪) **[এই দলসমূহ এই প্রস্তাবের সাথে একমত নয়]**, (২৮) [বর্তমান আর্থ-সামাজিক বাস্তবতায় এ মুহূর্তে উচ্চকক্ষের প্রয়োজন নেই] ও (৩৩)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **১৯। উচ্চকক্ষের দায়িত্ব ও ভূমিকা:** উচ্চকক্ষ নিম্নোক্ত দায়িত্বসমূহ পালন করবে: (ক) নিম্নকক্ষের প্রস্তাবিত আইন প্রণয়নের বিষয়টি পর্যালোচনা করবে। উচ্চকক্ষের আইন প্রণয়নের ক্ষমতা থাকবে না; তবে কোনো জাতীয় গুরুত্বপূর্ণ বিষয়ে আইন প্রণয়নের জন্য নিম্নকক্ষ বরাবর প্রস্তাব করতে পারবে। নিম্নকক্ষে পাসকৃত অর্থবিল এবং আস্থা ভোট ব্যতীত সকল বিল উচ্চকক্ষে অনুমোদনের জন্য উপস্থাপিত হতে হবে। উচ্চকক্ষ কোনো বিল স্থায়ীভাবে আটকে রাখতে | **২৪টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১২), (১৩), (১৪), (১৫), (১৮), (১৯), (২০), (২১) [দফা ১৯-এর ক্রমিক (খ), (গ) ও (ঘ)-এর বিষয়ে একমত], (২২), (২৩), (২৪), (২৭), (৩০), (৩১), (৩২) ও (৩৩) [দফা ১৯-এর ক্রমিক (খ), (গ) ও (ঘ)-এর বিষয়ে একমত]।<br>**৮টি রাজনৈতিক দল ও জোটের নোট অব ডিসেন্ট:**<br>পরিশিষ্টের ক্রমিক (২), (১১), (১৬), (১৭), (২১) [দফা ১৯- |

| | |
|---|---|
| পারবে না। উচ্চকক্ষ কোনো বিল সর্বোচ্চ ২ (দুই) মাসের বেশি আটকে রাখলে তা উচ্চকক্ষ কর্তৃক অনুমোদিত বলে বিবেচিত হবে।<br><br>(খ) যদি উচ্চকক্ষ কোনো বিল অনুমোদন করে সেক্ষেত্রে উভয় কক্ষ কর্তৃক পাসকৃত বিল রাষ্ট্রপতির সম্মতির জন্য পাঠানো হবে।<br><br>(গ) যেক্ষেত্রে উচ্চকক্ষ সংশোধনের সুপারিশসহ বিল পুনর্বিবেচনার জন্য নিম্নকক্ষে পাঠাবে সেক্ষেত্রে নিম্নকক্ষ উচ্চকক্ষের প্রস্তাবিত সংশোধনীগুলো সম্পূর্ণ ও আংশিকভাবে গ্রহণ বা প্রত্যাখ্যান করতে পারবে।<br><br>(ঘ) উচ্চকক্ষ থেকে ফেরত পাঠানো বিল যদি নিম্নকক্ষের অধিবেশনে আবারও পাস হয়, তবে উচ্চকক্ষের অনুমোদন ছাড়াই বিলটি রাষ্ট্রপতির অনুমোদনের জন্য প্রেরিত হবে।<br><br>(ঙ) সংবিধান সংশোধন সংক্রান্ত যেকোনো বিল উচ্চকক্ষের সাধারণ সংখ্যাগরিষ্ঠতায় পাস করতে হবে। | এর ক্রমিক (ক) ও (ঙ) অর্থাৎ উচ্চকক্ষের দায়িত্ব ও ভূমিকা—**যথা সংবিধান সংশোধন, অর্থবিল, আস্থা ভোট এবং জাতীয় নিরাপত্তা (যুদ্ধ পরিস্থিতি) ইত্যাদি বিল উচ্চকক্ষে প্রেরণ করা হবে না।** উচ্চকক্ষ কোনো বিল সর্বোচ্চ ১ (এক) মাসের বেশি আটকে রাখলে, তা উচ্চকক্ষ কর্তৃক অনুমোদিত বলে বিবেচিত হবে], (২৫), (২৮) [বর্তমান আর্থ-সামাজিক বাস্তবতায় এ মুহূর্তে উচ্চকক্ষের প্রয়োজন নেই] ও (৩৩) [দফা ১৯-এর ক্রমিক (ক) ও (ঙ)-এর বিষয়ে দ্বিমত]।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **২০। উচ্চকক্ষের সদস্যদের যোগ্যতা ও অযোগ্যতা:** সংবিধানে এরূপ যুক্ত করা হবে যে, উচ্চকক্ষের সদস্যগণের যোগ্যতা ও অযোগ্যতা নিম্নকক্ষের সদস্যগণের যোগ্যতার অনুরূপ হবে। | **২৪টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (১০), (১২), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৭), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br><br>**৭টি রাজনৈতিক দল একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (৮), (৯), (১১), (১৩), (২৬), (২৮) [বর্তমান আর্থ-সামাজিক বাস্তবতায় এ মুহূর্তে উচ্চকক্ষের প্রয়োজন নেই] ও (২৯) ।<br><br>**১টি রাজনৈতিক দল মতামত দেয়নি:**<br>পরিশিষ্টের ক্রমিক (২৫)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **২১। জাতীয় সংসদে নারী প্রতিনিধিত্ব:** জাতীয় সংসদে নারী প্রতিনিধিত্ব ক্রমান্বয়ে ১০০ (একশত) আসনে উন্নীত করা হবে। | **৩০টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)। |
| **২২। জাতীয় সংসদে নারী প্রতিনিধিত্ব বৃদ্ধির পদ্ধতি:** (ক) বিদ্যমান সংরক্ষিত ৫০ (পঞ্চাশ) টি আসন বহাল রেখে সংবিধানের অনুচ্ছেদ ৬৫(৩)-এ প্রয়োজনীয় সংশোধনী আনা হবে। | **২৬টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২১), (২২), (২৩), (২৪), (৩০), (৩১), (৩২) ও |

| | |
|---|---|
| | (৩৩)।<br>**৪টি রাজনৈতিক দলের নোট অব ডিসেন্ট:**<br>পরিশিষ্টের ক্রমিক (২০) [নারীদের জন্য ১০০ আসনে সরাসরি নির্বাচনের পক্ষে], (২৫), (২৭) [নারীদের জন্য ১০০টি আসন সংরক্ষণ ও তাতে সরাসরি নির্বাচনের পক্ষে] ও (২৮) [১০০ আসনে সরাসরি নির্বাচনের পক্ষে]।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| (খ) জুলাই জাতীয় সনদ ২০২৫ স্বাক্ষরের পরবর্তী সাধারণ নির্বাচনে প্রতিটি রাজনৈতিক দল বিদ্যমান ৩০০ (তিনশত) সংসদীয় আসনের জন্য প্রার্থী মনোনয়নের ক্ষেত্রে ন্যূনতম ৫ (পাঁচ) শতাংশ নারী প্রার্থী মনোনয়ন দিবে, তবে এটি সংবিধানে উল্লেখ করা হবে না।<br>(গ) পরবর্তী সাধারণ নির্বাচনে প্রার্থী মনোনয়নের ক্ষেত্রে রাজনৈতিক দলগুলো ন্যূনতম ১০ (দশ) শতাংশ নারী প্রার্থী মনোনয়ন দিবে। | **২৭টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (২০), (২১), (২২), (২৪), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br>**৩টি রাজনৈতিক দলের নোট অব ডিসেন্ট:**<br>পরিশিষ্টের ক্রমিক (৪), (১৯) ও (২৩)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| (ঘ) এই পদ্ধতিতে রাজনৈতিক দলগুলো সাধারণ নির্বাচনে প্রার্থী মনোনয়নের ক্ষেত্রে ন্যূনতম ৩৩ (তেত্রিশ) শতাংশ নারী প্রার্থী মনোনয়নের লক্ষ্য অর্জিত না হওয়া পর্যন্ত পর্যায়ক্রমে প্রত্যেক সাধারণ নির্বাচনে ন্যূনতম ৫ (পাঁচ) শতাংশ বর্ধিত হারে নারী প্রার্থী মনোনয়ন অব্যাহত রাখবে। | **২৬টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৫), (১৬), (১৭), (১৮), (২০), (২১), (২২), (২৪), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br>**৪টি রাজনৈতিক দলের নোট অব ডিসেন্ট:**<br>পরিশিষ্টের ক্রমিক (৪), (১৪), (১৯) ও (২৩)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| (ঙ) সংবিধানে বর্ণিত জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসন অব্যাহত রেখে সংবিধানের সপ্তদশ (১৭তম) সংশোধনী (যা ৮ জুলাই ২০১৮ সালে সংসদে পাশ হয়)-এর মাধ্যমে সংরক্ষিত নারী আসনের মেয়াদ ২৫ (পঁচিশ) বছর বৃদ্ধি করা হয়, হিসাব অনুযায়ী তা ২০৪৩ সাল পর্যন্ত বহাল থাকবে; তবে সাধারণ নির্বাচনে রাজনৈতিক দলগুলোর প্রার্থী মনোনয়নের ক্ষেত্রে ৩৩ (তেত্রিশ) শতাংশ নারী প্রার্থিতার লক্ষ্য ২০৪৩ সালের আগেই যদি অর্জিত হয়ে যায়, তাহলে সংবিধানের | **২৭টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (২০), (২১), (২২), (২৪), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br>**৩টি রাজনৈতিক দলের নোট অব ডিসেন্ট:**<br>পরিশিষ্টের ক্রমিক (৪), (১৯) ও (২৩)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট** |

| | |
|---|---|
| সপ্তদশ (১৭তম) সংশোধনীর মাধ্যমে প্রবর্তিত বিধান নির্ধারিত সময়ের আগেই বাতিল হয়ে যাবে। | **লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **২৩। ডেপুটি স্পিকার পদে বিরোধী দল থেকে মনোনয়ন:** সংবিধানে এরূপ যুক্ত করা হবে যে, আইনসভার উভয় কক্ষে একজন করে ডেপুটি স্পিকার সরকারদলীয় সদস্য ব্যতীত অপর সদস্যদের মধ্য হতে মনোনীত করা হবে। | **৩১টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br>**১টি রাজনৈতিক দল একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (২৬)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **২৪। সংসদের স্থায়ী কমিটির সভাপতি:** সংবিধানে এরূপ যুক্ত করা হবে যে, জাতীয় সংসদের সরকারি হিসাব কমিটি, প্রিভিলেজ কমিটি, অনুমিত হিসাব কমিটি ও সরকারি প্রতিষ্ঠান কমিটির সভাপতি পদে বিরোধীদলীয় সদস্যগণ দায়িত্ব পালন করবেন। এছাড়া, জাতীয় সংসদে বিভিন্ন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি পদে সংসদে আসনের সংখ্যানুপাতে বিরোধী দলের মধ্য থেকে নির্বাচন করা হবে। | **৩০টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)। |
| **২৫। জাতীয় সংসদে দলের বিরুদ্ধে ভোটদান:** সংবিধানের অনুচ্ছেদ ৭০-এর বিদ্যমান বিধান পরিবর্তন করে এরূপ যুক্ত করা হবে যে, জাতীয় সংসদের সদস্যগণ কেবল অর্থবিল এবং আস্থা ভোট প্রদানের ক্ষেত্রে নিজ দলের প্রতি অনুগত থাকবেন। অন্য যেকোনো বিষয়ে তারা স্বাধীনভাবে ভোট দিতে পারবেন। | **২৯টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২২), (২৩), (২৪), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br>**১টি রাজনৈতিক দলের নোট অব ডিসেন্ট:**<br>**পরিশিষ্টের ক্রমিক (২১) [অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা 'সংবিধান সংশোধন' ও 'জাতীয় নিরাপত্তা (যুদ্ধ পরিস্থিতি)' বিষয়গুলোও সংযোজন করতে পারবে।]**<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **২৬। আন্তর্জাতিক চুক্তি আইনসভায় অনুমোদন:** সংবিধানে এরূপ যুক্ত করা হবে যে, জাতীয় স্বার্থ বা রাষ্ট্রীয় নিরাপত্তা প্রভাবিত করে এরূপ আন্তর্জাতিক | **২৭টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৪), (১৫), (১৬), (১৭), (১৯), (২০), |

| | |
|---|---|
| চুক্তি সম্পাদনের পর আইনসভার উভয় কক্ষের সংখ্যাগরিষ্ঠ ভোটের মাধ্যমে অনুমোদন (রেটিফাই) করা হবে। | (২২), (২৩), (২৪), (২৬), (২৭), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br><br>**৩টি রাজনৈতিক দল একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (১৮), (২১) ও (২৯)।<br><br>**২টি রাজনৈতিক দল মতামত দেয়নি:**<br>পরিশিষ্টের ক্রমিক (১৩) ও (২৫)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| নির্বাচন ব্যবস্থা | |
| **২৭। প্রতি জনশুমারি বা দশ বছর পর পর সীমানা পুনঃনির্ধারণ:** প্রতি জনশুমারি বা অনধিক ১০ (দশ) বছর পরে সংসদীয় নির্বাচনি এলাকার সীমানা নির্ধারণের জন্য সংবিধানের অনুচ্ছেদ ১১৯-এর দফা ১-এর (গ)-এর শেষে বর্ণিত "এবং" শব্দটির পর 'আইনের দ্বারা নির্ধারিত একটি অস্থায়ী বিশেষায়িত কমিটি গঠনের বিধান' যুক্ত করা হবে। সংশ্লিষ্ট জাতীয় সংসদের নির্বাচনি এলাকার সীমানা নির্ধারণ আইন, ২০২১ (সর্বশেষ ২০২৫ সালে সংশোধিত)-এর ধারা ৮(৩)-এর সঙ্গে যুক্ত করে উক্ত কমিটির গঠন ও কার্যপরিধি নির্ধারণ করা হবে। | **২৯টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১) ও (৩২)।<br><br>**১টি রাজনৈতিক দলের নোট অব ডিসেন্ট:**<br>পরিশিষ্টের ক্রমিক (৩৩)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| বিচার বিভাগ | |
| **২৮। আপীল বিভাগ থেকে প্রধান বিচারপতি নিয়োগ:** সংবিধানের অনুচ্ছেদ ৯৫-এর বিদ্যমান ব্যবস্থা পরিবর্তন করে রাষ্ট্রপতি আপীল বিভাগের বিচারপতিদের মধ্য থেকে প্রধান বিচারপতি নিয়োগ করবেন। | **৩০টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)। |
| **২৯। আপীল বিভাগের জ্যেষ্ঠতম বিচারপতিকে প্রধান বিচারপতি নিয়োগ:** (১) আপীল বিভাগের জ্যেষ্ঠতম বিচারপতিকে রাষ্ট্রপতি প্রধান বিচারপতি হিসেবে নিয়োগদান করবেন। (২) তবে শর্ত থাকে যে, অসদাচরণ বা অসামর্থ্যের অভিযোগের কারণে সংবিধানের অনুচ্ছেদ ৯৬-এর অধীন কোনো বিচারপতির বিরুদ্ধে তদন্ত প্রক্রিয়া চলমান থাকলে তাকে প্রধান বিচারপতি হিসেবে নিয়োগের জন্য বিবেচনা করা যাবে না। | **২৯টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩) [দফা ২৯-এর ক্রমিক (২)-এ উল্লিখিত বিষয়টি আইনের দর্শনের পরিপন্থি। কারণ অভিযুক্ত কোনো ব্যক্তিকে যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে দোষী সাব্যস্ত হওয়ার আগ পর্যন্ত নির্দোষ বলে বিবেচনা করাই আইনসম্মত], (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২২), (২৩), (২৪), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br>**১টি রাজনৈতিক দলের নোট অব ডিসেন্ট:** |

| | |
|---|---|
| | **পরিশিষ্টের ক্রমিক (২১) [অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তবে তারা সংবিধানে আপীল বিভাগের জ্যেষ্ঠতম দুইজন বিচারপতিদের মধ্য হতে যেকোনো একজনকে রাষ্ট্রপতি প্রধান বিচারপতি নিয়োগদান করবেন মর্মে বিধান সংযোজন করতে পারবে।]**<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **৩০। আপীল বিভাগের বিচারক সংখ্যা:** সংবিধানে এরূপ যুক্ত করা হবে যে, "আপীল বিভাগের বিচারক সংখ্যা বৃদ্ধি এবং প্রধান বিচারপতির চাহিদা মোতাবেক, সময়ে সময়ে, আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগে প্রয়োজনীয় সংখ্যক বিচারক নিয়োগ করা যাবে।" | **৩১টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br><br>**১টি রাজনৈতিক দল মতামত দেয়নি:**<br>পরিশিষ্টের ক্রমিক (২৯)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **৩১। সুপ্রীম কোর্টের বিচারক নিয়োগ:** সংবিধানে এরূপ যুক্ত করা হবে যে, সুপ্রীম কোর্টের বিচারক নিয়োগে প্রধান বিচারপতির নেতৃত্বে একটি স্বাধীন বিচার বিভাগীয় নিয়োগ কমিশন (Judicial Appointment Commission-JAC) গঠন করা হবে। | **২৯টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২২), (২৩), (২৪), (২৬), (২৭), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br><br>**১টি রাজনৈতিক দল একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (২১) [সুপ্রীম কোর্টের বিচারক নিয়োগ সংক্রান্ত বিষয়ে আইন প্রণয়ন করা হবে]।<br><br>**২টি রাজনৈতিক দল মতামত দেয়নি:**<br>পরিশিষ্টের ক্রমিক (২৫) ও (২৯)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **৩২। সুপ্রীম কোর্টের বিচারক নিয়োগ কমিশন সংক্রান্ত বিধান:** সুপ্রীম কোর্টের আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের বিচারক নিয়োগ কমিশন সংক্রান্ত বিধানকে সংবিধানে অন্তর্ভুক্ত করা হবে। | **২৮টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৮), (২৯), |

| | |
|---|---|
| | (৩০), (৩১) ও (৩২)।<br><br>**৪টি রাজনৈতিক দল একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (৩), (২১) [সুপ্রীম কোর্টের বিচারক নিয়োগ সংক্রান্ত বিষয়ে আইন প্রণয়ন করা হবে], (২৭) ও (৩৩)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| ৩৩। **বিচার বিভাগের স্বাধীনতা:** সংবিধানে এরূপ যুক্ত করা হবে যে, বিচার বিভাগকে পূর্ণ স্বাধীনতা প্রদান করা হবে। | **৩১টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১) [ইতোমধ্যে সংবিধানের অনুচ্ছেদ ৯৪(৪) এবং ১১৬ক-এ বিষয়টি বিদ্যমান থাকায় এই দফা পুনরায় উল্লেখের প্রয়োজন নেই], (২২), (২৩), (২৪), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩) [ইতোমধ্যে সংবিধানের অনুচ্ছেদ ৯৪(৪) এবং ১১৬ক-এ বিষয়টি বিদ্যমান থাকায় এই দফা পুনরায় উল্লেখের প্রয়োজন নেই]।<br><br>**১টি রাজনৈতিক দল মতামত দেয়নি:**<br>পরিশিষ্টের ক্রমিক (২৫)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| ৩৪। **সুপ্রীম কোর্টের বিকেন্দ্রীকরণ:** রাজধানীতে সুপ্রীম কোর্টের স্থায়ী আসন থাকবে, তবে রাষ্ট্রপতির অনুমোদনক্রমে প্রধান বিচারপতি, সময়ে সময়ে, যে সার্কিট বেঞ্চ প্রতিষ্ঠা করতে পারতেন তার পরিবর্তে প্রধান বিচারপতি কর্তৃক প্রতিটি বিভাগে এক বা একাধিক স্থায়ী বেঞ্চ প্রতিষ্ঠা করা হবে। | **২৯টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৫), (৬), (৭), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১) [এ বিষয়ে প্রয়োজনে সুপ্রীম কোর্টের সাথে আলোচনা করা যেতে পারে], (২২), (২৩), (২৪), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩) [সুপ্রীম কোর্টের সাথে আলোচনা করা যেতে পারে]।<br><br>**১টি রাজনৈতিক দলের নোট অব ডিসেন্ট:**<br>পরিশিষ্টের ক্রমিক (৯)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| ৩৫। **বিচারকদের পদের মেয়াদ ও তাদের অপসারণ:** সংবিধানের অনুচ্ছেদ ৯৬-এ বর্ণিত সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিলকে শক্তিশালী করা ও এর এখতিয়ার বৃদ্ধি | **২৯টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), |

| | |
|---|---|
| করা হবে। | (২০), (২১), (২৩), (২৪), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br>**২টি রাজনৈতিক দল একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (১১) ও (২২)।<br>**১টি রাজনৈতিক দল মতামত দেয়নি:**<br>পরিশিষ্টের ক্রমিক (২৫)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| ৩৬। **বিচারকদের চাকরির নিয়ন্ত্রণ:** অধস্তন আদালতের বিচারকদের চাকরির নিয়ন্ত্রণ সম্পূর্ণভাবে সুপ্রীম কোর্টের উপর ন্যস্ত করার জন্য সংবিধানের অনুচ্ছেদ ১১৬ ও সংশ্লিষ্ট বিধিমালা সংশোধন করা হবে। | **৩১টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br>**১টি রাজনৈতিক দল একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (১৩)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| ৩৭। **স্থায়ী অ্যাটর্নি সার্ভিস গঠন:** সংবিধানে এরূপ যুক্ত করা হবে যে, সংবিধানের অধীনে সুপ্রীম কোর্ট ও জেলা ইউনিটের সমন্বয়ে একটি স্থায়ী সরকারি অ্যাটর্নি সার্ভিস গঠন করা হবে। | **৩০টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১) [সংবিধানে অন্তর্ভুক্ত না করে আইন প্রণয়নের মাধ্যমে পর্যায়ক্রমে জেলা পর্যায়ে বাস্তবায়ন করা যেতে পারে], (২২), (২৩), (২৪), (২৬), (২৭), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩) [সংবিধানে অন্তর্ভুক্ত না করে আইন প্রণয়নের মাধ্যমে পর্যায়ক্রমে জেলা পর্যায়ে বাস্তবায়ন করা যেতে পারে]।<br>**১টি রাজনৈতিক দল একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (২৯)।<br>**১টি রাজনৈতিক দল মতামত দেয়নি:**<br>পরিশিষ্টের ক্রমিক (২৫)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **নির্বাচন কমিশন** | |
| ৩৮। **নির্বাচন কমিশনে নিয়োগ:** বিদ্যমান সংবিধানের অনুচ্ছেদ ১১৮(১) সংশোধনপূর্বক এরূপ যুক্ত করা হবে | **৩০টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), |

| | |
|---|---|
| যে,<br>(ক) প্রধান নির্বাচন কমিশনার এবং নির্ধারিত সংখ্যক নির্বাচন কমিশনারগণের সমন্বয়ে বাংলাদেশের একটি নির্বাচন কমিশন থাকবে। নির্বাচন কমিশন গঠনের উদ্দেশ্যে নিম্নরূপে গঠিত একটি বাছাই কমিটির মাধ্যমে উপযুক্ত প্রার্থী বাছাই করা হবে: (১) জাতীয় সংসদের স্পিকার (যিনি এই বাছাই/Selection কমিটির প্রধান হবেন), (২) ডেপুটি স্পিকার (যিনি বিরোধী দল হতে নির্বাচিত হবেন), (৩) প্রধানমন্ত্রী, (৪) বিরোধী দলের নেতা, এবং (৫) প্রধান বিচারপতির প্রতিনিধি হিসেবে আপীল বিভাগের একজন বিচারপতি। এই বাছাই/Selection কমিটি প্রধান নির্বাচন কমিশনার ও অন্যান্য কমিশনারগণের নিয়োগ করার উদ্দেশ্যে বিদায়ী নির্বাচন কমিশনের প্রধান ও অন্যান্য কমিশনারগণের মেয়াদ শেষ হওয়ার ৯০ (নব্বই) দিন পূর্বে সংসদ কর্তৃক প্রণীত আইনের দ্বারা নির্ধারিত পদ্ধতিতে (যেখানে নির্বাচন কমিশনার হওয়ার যোগ্যতা-অযোগ্যতা, প্রার্থী অনুসন্ধানের পদ্ধতি, প্রাধিকার ও কর্মপদ্ধতির উল্লেখ থাকবে) 'ইচ্ছাপত্র' ও প্রার্থীর সংশ্লিষ্ট তথ্যাদি আহ্বান করাসহ কমিটির নিজস্ব উদ্যোগে উপযুক্ত প্রার্থী অনুসন্ধান কার্যক্রম পরিচালনা করবেন।<br>(খ) অনুসন্ধানে প্রাপ্ত ব্যক্তিবর্গের 'জীবনবৃত্তান্ত' স্বচ্ছ প্রক্রিয়ায় যাচাই-বাছাই করত সর্বসম্মতিক্রমে তাদের মধ্য হতে ১ (এক) জনকে প্রধান নির্বাচন কমিশনার এবং নির্ধারিত প্রতিটি পদের বিপরীতে ১ (এক) জন করে নির্বাচন কমিশনার হিসেবে নিয়োগের জন্য রাষ্ট্রপতির নিকট প্রেরণ করবেন এবং রাষ্ট্রপতি তাদেরকে কার্যভার গ্রহণের তারিখ হতে পরবর্তী ৫ (পাঁচ) বছরের জন্য নিয়োগদান করবেন।<br>(গ) স্পিকারের তত্ত্বাবধানে জাতীয় সংসদ সচিবালয় এই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।<br>(ঘ) বিদ্যমান সংবিধানের অনুচ্ছেদ ১১৮-এর দফা (২), (৩), (৪), (৫) ও (৬) অপরিবর্তিত থাকবে।<br>(ঙ) অনুচ্ছেদ ১১৮(৫)-এর সাথে এরূপ যুক্ত হবে: 'এতদ্ব্যতীত জাতীয় সংসদ কর্তৃক প্রধান নির্বাচন কমিশনার ও কমিশনারগণের জবাবদিহিতার জন্য আইন প্রণয়ন ও আচরণবিধি প্রণয়ন করা হবে।' | (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)। |
| **সাংবিধানিক প্রতিষ্ঠানে নিয়োগ** | |
| **৩৯। ন্যায়পাল নিয়োগ:** | **২৫টি রাজনৈতিক দল একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), |

| | |
|---|---|
| (ক) সংবিধানের বর্তমান অনুচ্ছেদ ৭৭ সংশোধনপূর্বক ৭৭(১)-এ যুক্ত করা হবে যে, "এই সংবিধানের অধীনে দেশে একজন ন্যায়পাল থাকবেন।"<br><br>(খ) সংবিধানের বিধানাবলি সাপেক্ষে—(১) জাতীয় সংসদের স্পিকার (যিনি এই বাছাই কমিটির প্রধান হবেন), (২) ডেপুটি স্পিকার (যিনি বিরোধী দল হতে নির্বাচিত হবেন), (৩) সংসদ নেতা, (৪) বিরোধী দলের নেতা, (৫) দ্বিতীয় বৃহত্তম বিরোধী দলের একজন প্রতিনিধি, (৬) রাষ্ট্রপতির একজন প্রতিনিধি (নির্দলীয় ব্যক্তি এবং আইনের দ্বারা নির্ধারিত যোগ্যতাসম্পন্ন) এবং (৭) প্রধান বিচারপতির প্রতিনিধি হিসেবে আপীল বিভাগের একজন বিচারপতির সমন্বয়ে একটি বাছাই কমিটি গঠিত হবে। এই কমিটি ন্যায়পাল পদে নিয়োগলাভের উপযুক্ত (সংসদ কর্তৃক প্রণীত আইনের দ্বারা যোগ্যতা ও অযোগ্যতা নির্ধারিত হবে) এবং এই পদে নিয়োগলাভে আগ্রহী ব্যক্তিবর্গের নিকট হতে আইনের দ্বারা নির্ধারিত পদ্ধতিতে 'ইচ্ছাপত্র' অথবা তথ্য আহ্বান করাসহ উপযুক্ত প্রার্থীর অনুসন্ধান কার্যক্রম পরিচালনা করবে।<br><br>(গ) অনুসন্ধানে প্রাপ্ত জীবনবৃত্তান্তসমূহ যাচাই-বাছাই করত উক্ত বাছাই কমিটি দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে বাছাইকৃতদের মধ্য হতে একজনকে ন্যায়পাল পদে নিয়োগের জন্য চূড়ান্ত করবে; অতঃপর রাষ্ট্রপতি তাকে কার্যভার গ্রহণের তারিখ হতে পরবর্তী ৫ (পাঁচ) বছরের জন্য নিয়োগদান করবেন।<br><br>(ঘ) ন্যায়পালের যোগ্যতা-অযোগ্যতা, বয়সসীমা, কর্মের শর্তাবলি ও কর্মপরিধি, স্বচ্ছতা ও জবাবদিহিতার ব্যবস্থা, পদত্যাগ ও পুনঃনিয়োগ লাভের সুযোগ/অধিকার ইত্যাদি সংসদ কর্তৃক প্রণীত আইন দ্বারা নির্ধারিত হবে। | (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৮), (১৯), (২০), (২১) [দফা ৩৯-এর ক্রমিক (ক) ও (ঘ)-এর সাথে একমত], (২২), (২৩), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩) [দফা ৩৯- এর ক্রমিক (ক) ও (ঘ)-এর সাথে একমত]।<br><br>**৭টি রাজনৈতিক দল ও জোটের নোট অব ডিসেন্ট:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (১৬), (১৭), (২১) [দফা ৩৯-এর ক্রমিক (খ) ও (গ)- এর ক্রমিক অর্থাৎ ন্যায়পাল নিয়োগ প্রক্রিয়ার সাথে ভিন্নমত রয়েছে **অর্থাৎ আইন প্রণয়নের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া নির্ধারণ করা হবে]**, (২৪) ও (৩৩) [দফা ৩৯- এর ক্রমিক (খ) ও (গ)-এর সাথে দ্বিমত]।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| ৪০। **সরকারি কর্ম কমিশনে নিয়োগ:** সংবিধানের অনুচ্ছেদ ১৩৭ সংশোধন/বিলুপ্তিপূর্বক যুক্ত করা হবে যে,<br><br>(ক) সংবিধানের অধীনে ৩ (তিন) টি সরকারি কর্ম কমিশন প্রতিষ্ঠা করা হবে এবং প্রত্যেক কমিশন ১ (এক) জন চেয়ারম্যান ও ৭ (সাত) জন সদস্য নিয়ে গঠিত হবে।<br><br>(খ) (১) জাতীয় সংসদের স্পিকার (যিনি এই বাছাই কমিটির প্রধান হবেন), (২) ডেপুটি স্পিকার (যিনি | **২৩টি রাজনৈতিক দল একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৮), (১৯), (২০), (২২), (২৩), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১) ও (৩২)।<br><br>**৭টি রাজনৈতিক দল ও জোটের নোট অব ডিসেন্ট:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (১৬), (১৭), (২১) **[আইন প্রণয়নের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া নির্ধারণ করা হবে]**, (২৪) ও (৩৩)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের** |

| | |
|---|---|
| বিরোধী দল হতে নির্বাচিত হবেন), (৩) জাতীয় সংসদের প্রধান হুইপ, (৪) বিরোধী দলের প্রধান হুইপ, (৫) দ্বিতীয় বৃহত্তম বিরোধী দলের একজন প্রতিনিধি, (৬) প্রযোজ্য ক্ষেত্রে, জাতীয় সংসদের শিক্ষা মন্ত্রণালয়/স্বাস্থ্য মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি, এবং (৭) জাতীয় সংসদের জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতির সমন্বয়ে গঠিত একটি বাছাই কমিটি সরকারি কর্ম কমিশনের চেয়ারম্যান ও অন্যান্য সদস্যদের নিয়োগ করার উদ্দেশ্যে বিদায়ী সরকারি কর্ম কমিশনের চেয়ারম্যান ও অন্যান্য সদস্যগণের মেয়াদ শেষ হওয়ার ৯০ (নব্বই) দিন পূর্বে আইনের দ্বারা নির্ধারিত যোগ্যতাসম্পন্ন আগ্রহী ব্যক্তিবর্গের নিকট হতে আইনের দ্বারা নির্ধারিত পদ্ধতিতে 'ইচ্ছাপত্র' ও 'জীবনবৃত্তান্ত' আহ্বান করাসহ উপযুক্ত প্রার্থীর অনুসন্ধান কার্যক্রম পরিচালনা করবে।<br><br>(গ) অনুসন্ধানে প্রাপ্ত ব্যক্তিগণের 'জীবনবৃত্তান্ত' স্বচ্ছতার ভিত্তিতে যাচাই-বাছাই করত উক্ত বাছাই কমিটি দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠ মতামতের ভিত্তিতে মনোনীত করে তাদের মধ্য হতে ১ (এক) জনকে চেয়ারম্যান এবং অনধিক ৭ (সাত) জনকে সদস্য হিসেবে নিয়োগের জন্য রাষ্ট্রপতির নিকট প্রেরণ করবে এবং রাষ্ট্রপতি তাদেরকে কার্যভার গ্রহণের তারিখ হতে পরবর্তী ৫ (পাঁচ) বছরের জন্য নিয়োগদান করবেন।<br><br>(ঘ) বিদায়ী সরকারি কর্ম কমিশনের চেয়ারম্যান ও সদস্যগণের মেয়াদ শেষ হওয়ার পর অবিলম্বে নতুন সরকারি কর্ম কমিশনের চেয়ারম্যান ও সদস্যগণ কার্যভার গ্রহণ করবেন।<br><br>(ঙ) সরকারি কর্ম কমিশনের চেয়ারম্যান ও সদস্যগণের যোগ্যতা-অযোগ্যতা, বয়সসীমা, কর্মের শর্তাবলি ও কর্মপরিধি, স্বচ্ছতা ও জবাবদিহিতার ব্যবস্থা, পদত্যাগ ও পুনঃনিয়োগ লাভের সুযোগ/অধিকার ইত্যাদি সংসদ কর্তৃক প্রণীত আইন দ্বারা নির্ধারিত হবে।<br><br>(চ) সুপ্রীম কোর্টের কোনো বিচারক যেরূপ পদ্ধতি ও কারণে অপসারিত হতে পারেন, সেরূপ পদ্ধতি ও কারণ ব্যতীত সরকারি কর্ম কমিশনসমূহের কোনো চেয়ারম্যান বা অন্য কোনো সদস্য অপসারিত হবেন না।<br><br>(ছ) "সরকারি কর্ম কমিশন স্বীয় দায়িত্ব/কর্ম পালনের | **নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |

| | |
|---|---|
| নিমিত্ত প্রয়োজনীয় বিধি প্রণয়ন করতে পারবে" বাক্যসমূহ, শব্দসমূহ ও চিহ্নসমূহ প্রতিস্থাপিত হবে। | |
| **৪১। মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক নিয়োগ:** সংবিধানের অনুচ্ছেদ ১২৭(১) সংশোধনপূর্বক বিধান করা হবে যে,<br>(ক) (১) জাতীয় সংসদের বিরোধী দল হতে নির্বাচিত ডেপুটি স্পিকার (যিনি এই বাছাই কমিটির প্রধান হবেন), (২) সংসদ উপনেতা, (৩) বিরোধীদলীয় উপনেতা, (৪) জাতীয় সংসদের প্রধান হুইপ, (৫) জাতীয় সংসদের অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি, (৬) জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি এবং (৭) জাতীয় সংসদের জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতির সমন্বয়ে একটি বাছাই কমিটি মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক পদে নিয়োগের উদ্দেশ্যে বিদায়ী মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের মেয়াদ শেষ হওয়ার ৯০ (নব্বই) দিন পূর্বে আইনের দ্বারা নির্ধারিত যোগ্যতাসম্পন্ন আগ্রহী ব্যক্তিবর্গের নিকট হতে আইনের দ্বারা নির্ধারিত পদ্ধতিতে 'ইচ্ছাপত্র' ও 'জীবনবৃত্তান্ত' আহ্বান করাসহ উপযুক্ত প্রার্থীর অনুসন্ধান কার্যক্রম পরিচালনা করবে।<br>(খ) অনুসন্ধানে প্রাপ্ত প্রার্থীদের 'জীবনবৃত্তান্ত' যাচাই-বাছাই করত উক্ত বাছাই কমিটি দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠ মতামতের ভিত্তিতে বাছাই করে তাদের মধ্য হতে ১ (এক) জনকে মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক পদে নিয়োগের জন্য রাষ্ট্রপতির নিকট প্রস্তাব প্রেরণ করবে এবং রাষ্ট্রপতি তাকে কার্যভার গ্রহণের তারিখ হতে পরবর্তী ৫ (পাঁচ) বছরের জন্য নিয়োগদান করবেন।<br>(গ) বিদায়ী মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের মেয়াদ শেষ হওয়ার পর অবিলম্বে নবনিযুক্ত মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক কার্যভার গ্রহণ করবেন।<br>(ঘ) মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক পদে নিয়োগ লাভের যোগ্যতা-অযোগ্যতা, বয়সসীমা, কর্মের শর্তাবলি ও কর্মপরিধি, স্বচ্ছতা ও জবাবদিহিতার ব্যবস্থা, পদত্যাগ ও পুনঃনিয়োগ লাভের সুযোগ/অধিকার ইত্যাদি সংসদ কর্তৃক প্রণীত আইন দ্বারা নির্ধারিত হবে।<br>(ঙ) সুপ্রীম কোর্টের কোনো বিচারক যেরূপ পদ্ধতি ও কারণে অপসারিত হতে পারেন, সেরূপ পদ্ধতি ও কারণ ব্যতীত মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক | **২৩টি রাজনৈতিক দল একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৮), (১৯), (২০), (২২), (২৩), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১) ও (৩২)।<br>**৭টি রাজনৈতিক দল ও জোটের নোট অব ডিসেন্ট:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (১৬), (১৭), (২১) **[আইন প্রণয়নের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া নির্ধারণ করা হবে]**, (২৪) ও (৩৩)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |

| | |
|---|---|
| অপসারিত হবেন না।<br>(চ) "মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক তার দফতরের দায়িত্ব/কর্ম পালনের নিমিত্ত প্রয়োজনীয় বিধি প্রণয়ন করতে পারবেন" বাক্যসমূহ, শব্দসমূহ ও চিহ্নসমূহ প্রতিস্থাপিত হবে। | |
| **দুর্নীতি দমন কমিশন** | |
| **৪২। দুর্নীতি দমন কমিশনে নিয়োগ:**<br>যেহেতু বর্তমানে দুর্নীতি দমন কমিশন একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান, সেহেতু সেটিকে সাংবিধানিক প্রতিষ্ঠানে রূপান্তরিত করার লক্ষ্যে সংবিধানে নিম্নরূপ একটি নতুন অনুচ্ছেদ যুক্ত করা হবে:<br>"(১) দেশে একটি স্বাধীন দুর্নীতি দমন কমিশন থাকবে এবং এই কমিশনের নিয়োগ ও কার্যক্রম পর্যালোচনার লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি 'বাছাই ও পর্যালোচনা কমিটি' গঠন করা হবে:<br>(ক) প্রধান বিচারপতি ব্যতীত, আপীল বিভাগের জ্যেষ্ঠতম বিচারপতি (যিনি এই বাছাই ও পর্যালোচনা কমিটির চেয়ারম্যান হবেন), (খ) সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের জ্যেষ্ঠতম বিচারপতি, (গ) মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক, (ঘ) সরকারি কর্ম কমিশন (সাধারণ)-এর চেয়ারম্যান, (ঙ) জাতীয় সংসদের সংসদ নেতা কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি, (চ) জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি, এবং (ছ) প্রধান বিচারপতি কর্তৃক মনোনীত একজন নাগরিক প্রতিনিধি (যিনি দুর্নীতিবিরোধী ও সুশাসন প্রতিষ্ঠার কাজে অভিজ্ঞতাসম্পন্ন)। উক্ত বাছাই কমিটি দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান ও অন্যান্য কমিশনারগণের নিয়োগের উদ্দেশ্যে আগ্রহী ব্যক্তিবর্গের নিকট হতে আইনের দ্বারা নির্ধারিত পদ্ধতিতে 'ইচ্ছাপত্র' ও 'জীবনবৃত্তান্ত' আহ্বান করাসহ উপযুক্ত প্রার্থীদের জন্য অনুসন্ধান কার্যক্রম পরিচালনা করবে। এই কমিটি আইনের দ্বারা নির্ধারিত পদ্ধতিতে—(ক) দুর্নীতি দমন কমিশনের কমিশনাগণের নিয়োগের সুপারিশ প্রদানের উদ্দেশ্যে নাম বাছাই করে রাষ্ট্রপতির নিকট প্রেরণ এবং (খ) নিয়মিতভাবে দুর্নীতি দমন কমিশনের কার্যক্রম পর্যালোচনা করবে। দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান ও অন্যান্য কমিশনারসহ ৫ (পাঁচ) জনের মধ্যে কমপক্ষে একজন নারী হবেন। | **২৩টি রাজনৈতিক দল একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৮), (১৯), (২০), (২২), (২৩), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১) ও (৩২)।<br>**৭টি রাজনৈতিক দল ও জোটের নোট অব ডিসেন্ট:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (১৬), (১৭), (২১) **[আইন প্রণয়নের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া নির্ধারণ করা হবে]**, (২৪) ও (৩৩)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |

| | |
|---|---|
| (২) উক্ত কমিটি উপযুক্ত প্রার্থীদের আইন দ্বারা নির্ধারিত পদ্ধতিতে স্বচ্ছতার ভিত্তিতে যাচাই-বাছাই করত তাদের মধ্য হতে ১ (এক) জনকে চেয়ারম্যান এবং অনধিক ৪ (চার) জনকে কমিশনার হিসেবে নিয়োগের জন্য রাষ্ট্রপতির নিকট প্রস্তাব প্রেরণ করবে এবং রাষ্ট্রপতি তাদেরকে কার্যভার গ্রহণের তারিখ হতে পরবর্তী চার (৪) বছরের জন্য নিয়োগদান করবেন।<br>(৩) সুপ্রীম কোর্টের কোনো বিচারক যেরূপ পদ্ধতি ও কারণে অপসারিত হতে পারেন, সেরূপ পদ্ধতি ও কারণ ব্যতীত দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান বা অন্য কোনো কমিশনার অপসারিত হবেন না।<br>(৪) দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান ও কমিশনার পদে বাছাই প্রক্রিয়া, নিয়োগলাভের যোগ্যতা-অযোগ্যতা, বয়সসীমা, কর্মের শর্তাবলি ও কর্মপরিধি, কার্যক্রম পর্যালোচনা, স্বচ্ছতা জবাবদিহিতার ব্যবস্থা, পদত্যাগ ও পুনঃনিয়োগ লাভের সুযোগ/অধিকার ইত্যাদি সংসদ কর্তৃক প্রণীত আইন দ্বারা নির্ধারিত হবে।<br>(৫) দুর্নীতি দমন কমিশন স্বীয় দপ্তরের দায়িত্ব/কর্ম পালনের নিমিত্ত প্রয়োজনীয় বিধি প্রণয়ন করতে পারবে।” | |
| ৪৩। **সাংবিধানিক ও আইনগত ক্ষমতার অপব্যবহার রোধে সংবিধান সংশোধন:** বিদ্যমান সংবিধানের অনুচ্ছেদ ২০(২) নিম্নরূপে প্রতিস্থাপন করা হবে: রাষ্ট্র এমন অবস্থা সৃষ্টি করবে, যেখানে সাধারণ নীতি হিসেবে কোনো ব্যক্তি ব্যক্তিগত স্বার্থে সাংবিধানিক ও আইনগত ক্ষমতার অপব্যবহার করতে পারবেন না এবং অনুপার্জিত আয় ভোগ করতে সমর্থ হবেন না এবং যেখানে বুদ্ধিবৃত্তিক ও কায়িক, সকল প্রকার শ্রম সৃষ্টিধর্মী প্রয়াসের ও মানবিক ব্যক্তিত্বের পূর্ণতর অভিব্যক্তিতে পরিণত হবে। | **৩১টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br>**১টি রাজনৈতিক দল স্বতন্ত্রভাবে লিখিত প্রস্তাব জমা দিয়েছে:** পরিশিষ্টের ক্রমিক (২৮)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **স্থানীয় সরকার প্রতিষ্ঠান** | |
| ৪৪। **স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নির্বাচন:** সংবিধানে এরূপ যুক্ত করা হবে যে, নির্বাচন কমিশনের সিদ্ধান্তে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নির্বাচন অনুষ্ঠিত হবে। | **৩০টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১) [‘নির্বাচন কমিশনের সরাসরি তত্ত্বাবধানে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নির্বাচন অনুষ্ঠিত হবে’ এই |

| | |
|---|---|
| | প্রস্তাবে একমত। আইনের মাধ্্যমে করা উত্তম। সংবিধানে সংযোজনে দ্বিমত], (২২), (২৩), (২৪), (২৬), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩) [নির্বাচন কমিশনের তত্ত্বাবধানে হলে একমত। সংবিধানে অন্তর্ভুক্তিতে দ্বিমত]।<br><br>**২টি রাজনৈতিক দল মতামত দেয়নি:**<br>পরিশিষ্টের ক্রমিক (২৫) ও (২৭)।<br>**[নোট: অবশ্্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **৪৫। স্থানীয় সরকার প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপনা:** সংবিধানে এরূপ যুক্ত করা হবে যে, সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপনা এবং আইন দ্বারা নির্ধারিত সকল কাজ সম্পাদনের ক্ষেত্রে সম্পূর্ণ কার্যকরী স্বায়ত্তশাসন নিশ্চিত করা হবে। জাতীয় পরিকল্পনা বাস্তবায়ন কর্মসূচির অংশ না হলে স্থানীয় পর্যায়ে সকল উন্নয়নমূলক কাজের উপর স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সম্পূর্ণ আর্থিক নিয়ন্ত্রণ এবং বাস্তবায়নের কর্তৃত্ব থাকবে। | **৩০টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১) [নীতিগতভাবে একমত কিন্তু সংবিধানে সংযোজনে দ্বিমত। 'জাতীয় পরিকল্পনা বাস্তবায়ন কর্মসূচির অংশ না হলে, স্থানীয় পর্যায়ে সকল উন্নয়নমূলক কাজের উপর স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সম্পূর্ণ আর্থিক নিয়ন্ত্রণ এবং বাস্তবায়নের কর্তৃত্ব থাকবে।' এই প্রস্তাবের সাথে ভিন্নমত রয়েছে], (২৩), (২৪), (২৫), (২৬), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br><br>**১টি রাজনৈতিক দল একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (২২)।<br><br>**১টি রাজনৈতিক দল মতামত দেয়নি:**<br>পরিশিষ্টের ক্রমিক (২৭)।<br>**[নোট: অবশ্্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **৪৬। সরকারি কর্মকর্তা/কর্মচারীদের স্থানীয় সরকার প্রতিষ্ঠানের অধীনে ন্যস্ত করা:** সংবিধানে এরূপ যুক্ত করা হবে যে, প্রজাতন্ত্রের যে সকল কর্মকর্তা/কর্মচারী স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কাজে সরাসরি নিয়োজিত তারা স্থানীয় সরকার প্রতিষ্ঠানের জনপ্রতিনিধিদের অধীন হবেন এবং যে সকল সরকারি বিভাগ স্থানীয় সরকার প্রতিষ্ঠানের এখতিয়ারভুক্ত উন্নয়নপ্রকল্প বাস্তবায়নে সম্পৃক্ত, তারা স্থানীয় সরকার প্রতিষ্ঠানের জনপ্রতিনিধিদের নির্দেশনায় কাজ করবেন। | **৩০টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১) [নীতিগতভাবে একমত, তবে আইন প্রণয়নের মাধ্্যমে বাস্তবায়ন হবে], (২৩), (২৪), (২৫), (২৬), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩) [আইন প্রণয়নের মাধ্্যমে বাস্তবায়ন করা শ্রেয়]।<br><br>**১টি রাজনৈতিক দল একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (২২)।<br><br>**১টি রাজনৈতিক দল মতামত দেয়নি:**<br>পরিশিষ্টের ক্রমিক (২৭)।<br>**[নোট: অবশ্্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের** |

| | |
|---|---|
| | **নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| ৪৭। **স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল সংগ্রহ:** সংবিধানে এরূপ যুক্ত করা হবে যে, স্থানীয় সরকার প্রতিষ্ঠান স্থানীয়ভাবে নিজস্ব তহবিল সংগ্রহ করতে পারবে। তবে প্রাক্কলিত তহবিল যদি স্থানীয় সরকার প্রতিষ্ঠানের বাজেটের চেয়ে কম হওয়ার সম্ভাবনা থাকে, তাহলে সেই বাজেট আইনসভার উচ্চকক্ষে পাঠাতে হবে। | **২৮টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৯), (২০), (২১) [নীতিগতভাবে একমত কিন্তু সংবিধানে সংযোজনে দ্বিমত। বাজেট বরাদ্দে উচ্চকক্ষের কোনো ভূমিকা নেই], (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩) [বাজেট বরাদ্দে উচ্চকক্ষের ভূমিকা না রাখার পক্ষে]।<br><br>**২টি রাজনৈতিক দল একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (৯) ও (১৮)।<br><br>**২টি রাজনৈতিক দল মতামত দেয়নি:**<br>পরিশিষ্টের ক্রমিক (২৭) ও (২৮)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |

## (খ) আইন/অধ্যাদেশ, বিধি ও নির্বাহী আদেশের মাধ্যমে সংস্কারের বিষয়সমূহ

| জুলাই জাতীয় সনদের ভাষ্য | রাজনৈতিক দল ও জোটের মতামত |
|---|---|
| আইনসভা | |
| ৪৮। **সংসদ, সংসদের কমিটি এবং সদস্যদের অধিকার, অধিকারের সীমা ও দায় সম্পর্কিত আইন প্রণয়ন:** সংবিধানের অনুচ্ছেদ ৭৮(৫) সংশোধন সাপেক্ষে আইন প্রণয়নের মাধ্যমে সংসদের কমিটিসমূহ ও সদস্যদের বিশেষ অধিকার, অধিকারের সীমা এবং দায় নির্ধারণ করা হবে। | **২৩টি দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৫), (৬), (৮), (১০), (১১), (১২), (১৪), (১৫), (১৬), (১৭), (১৯), (২১), (২২), (২৩), (২৪), (২৬), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br><br>**৪টি রাজনৈতিক দল একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (১৩), (২০), (২৭) ও (২৯)।<br><br>**৫টি রাজনৈতিক দল মতামত দেয়নি:**<br>পরিশিষ্টের ক্রমিক (৭), (৯), (১৮) (২৫) ও (২৮)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| নির্বাচন ব্যবস্থা | |

| | |
|---|---|
| **৪৯। নির্বাচনি এলাকার সীমানা নির্ধারণ:** নির্বাচনি এলাকার সীমানা নির্ধারণ বিষয়ে আশু ব্যবস্থা হিসেবে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য নির্বাচন কমিশনের সহায়তায় যথাযথ দক্ষতাসম্পন্ন ব্যক্তিগণকে নিয়ে একটি বিশেষায়িত কমিটি গঠন করা (যদি ইতোমধ্যে তা গঠিত হয়ে থাকে তাহলে প্রয়োজনীয় পরিবর্তন সাধন করে) এবং উক্ত কমিটির পরামর্শক্রমে সংসদীয় এলাকার সীমানা নির্ধারণ করা হবে। | **২৯টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১) ও (৩২)।<br><br>**১টি রাজনৈতিক দল নোট অব ডিসেন্ট:**<br>পরিশিষ্টের ক্রমিক (৩৩)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| বিচার বিভাগ | |
| **৫০। বিচারকদের জন্য পালনীয় আচরণবিধি:** সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল কর্তৃক আনুষ্ঠানিকভাবে বিচারকদের জন্য পালনীয় আচরণবিধি প্রণয়ন ও প্রকাশ এবং নির্দিষ্ট সময় পর পর তা পর্যালোচনা, হালনাগাদ ও প্রয়োগ করা হবে। | **৩২টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)। |
| **৫১। সাবেক বিচারপতিদের জন্য পালনীয় আচরণবিধি:** সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল কর্তৃক সাবেক বিচারপতিদের জন্য পালনীয় আচরণবিধি প্রণয়ন ও প্রকাশ করা হবে এবং শৃঙ্খলামূলক ব্যবস্থা হিসেবে সতর্ক করা ও উপযুক্ত ক্ষেত্রে 'বিচারপতি' পদবি ব্যবহার থেকে বারিত করা হবে। | **৩০টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br>**২টি রাজনৈতিক দল একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (৯) ও (১৮)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **৫২। সুপ্রীম কোর্ট সচিবালয় প্রতিষ্ঠা:** নির্বাহী বিভাগ থেকে বিচার বিভাগকে কার্যকরভাবে পৃথকীকরণের লক্ষ্যে সুপ্রীম কোর্টের নিজস্ব সচিবালয় থাকবে এবং এজন্য প্রয়োজনীয় আইন প্রণয়ন করা হবে। বিচার বিভাগের আর্থিক স্বাধীনতা নিশ্চিত করতে এই সচিবালয়ে সংযুক্ত তহবিল থেকে অর্থায়ন করা হবে। এই সচিবালয়ের উপর অধস্তন আদালতের প্রশাসনিক কার্যক্রম, বাজেট প্রণয়ন, অধস্তন আদালতের বিচারকের পদোন্নতি, বদলি ও শৃঙ্খলা বিধানের দায়িত্ব ন্যস্ত করা হবে। | **৩২টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)। |
| **৫৩। স্বতন্ত্র ফৌজদারি তদন্ত সার্ভিস গঠন:** একটি স্বতন্ত্র ফৌজদারি তদন্ত সার্ভিস গঠনের জন্য আইন প্রণয়ন এবং তা কার্যকর করা হবে। | **৩০টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), |

| | |
|---|---|
| | (১৯), (২০), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১) ও (৩২)।<br>**২টি রাজনৈতিক দল একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (২১) ও (৩৩)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **৫৪। বিচার বিভাগের জনবল বৃদ্ধি:** বিচার বিভাগের সকল স্তরে বিচারক ও সহায়ক জনবল বৃদ্ধি এবং বিশেষায়িত আদালত স্থাপন করা হবে। | **৩২টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)। |
| **৫৫। জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থাকে অধিদপ্তরে রূপান্তর:** বিদ্যমান জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থাকে অধিদপ্তরে রূপান্তর করার আইনি পদক্ষেপ গ্রহণ করা হবে। | **৩০টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br>**২টি রাজনৈতিক দল একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (১৮) ও (২৭)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **৫৬। বিচারক ও সহায়ক কর্মচারীদের সম্পত্তির বিবরণ:** প্রতি ৩ (তিন) বছর পর পর সুপ্রীম কোর্ট এবং অধস্তন আদালতের বিচারক এবং সকল আদালতের সহায়ক কর্মকর্তা-কর্মচারীদের সম্পত্তির বিবরণ ওয়েবসাইটের মাধ্যমে জনসাধারণের কাছে প্রকাশ করা এবং স্বচ্ছতা নিশ্চিতকরণে আনুষঙ্গিক পদক্ষেপ গ্রহণ করার বিধান করা হবে। | **৩১টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br>**১টি রাজনৈতিক দল একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (৪)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **৫৭। আদালত ব্যবস্থাপনা সংস্কার ও ডিজিটাইজ করা:** মামলার দীর্ঘসূত্রিতা ও হয়রানি নিরসন, স্বচ্ছতা আনয়ন, মামলার খরচ হ্রাস ও বিচারপ্রাপ্তি সহজলভ্য করার জন্য বিভিন্ন বিধি প্রণয়ন, সংশোধন ও সুপ্রীম কোর্ট কর্তৃক নির্দেশনা জারির মাধ্যমে আদালত ব্যবস্থাপনার সংস্কার ও ডিজিটাইজ করার পদক্ষেপ | **৩২টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)। |

| | |
|---|---|
| গ্রহণ করা হবে। | |
| **৫৮। কতিপয় আইন রহিতকরণ ও সংশোধন:** ‘আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০’ রহিত করা এবং মেডিয়েশনের বিধান সংবলিত ‘আইনগত সহায়তা ও মধ্যস্থতা সেবা প্রদান অধ্যাদেশ, ২০২৫’ জারি করা এবং সালিস আইন, ২০০১ ও সংশ্লিষ্ট অন্যান্য আইন সংশোধনের পদক্ষেপ গ্রহণ করা হবে। | **৩২টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)। |
| **৫৯। আইনজীবীদের আচরণবিধি:** আইনজীবীদের আচরণবিধি যুগোপযোগীকরণ, জেলা পর্যায়ে বার কাউন্সিল ট্রাইব্যুনাল স্থাপন এবং এর প্রধান হিসেবে একজন বিচারককে দায়িত্ব প্রদান করা হবে। অপরদিকে আদালত প্রাঙ্গনে দলীয় রাজনৈতিক কর্মকান্ড নিষিদ্ধ করা হবে। | **২৯টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br><br>**৪টি রাজনৈতিক দল ও জোট একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২৭), (২৮) [আদালত প্রাঙ্গনে দলীয় রাজনৈতিক কর্মকান্ড নিষিদ্ধ করা হবে’ এই অংশের সঙ্গে একমত নয়] ও (২৯)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **৬০। আইনজীবী সমিতি ও বার কাউন্সিল নির্বাচন:** আইনজীবী সমিতি ও বার কাউন্সিল নির্বাচনে প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে এবং নির্বাচন পরিচালনায় দলীয় রাজনীতির প্রভাব বিলোপের জন্য রাজনৈতিক দলের সঙ্গে সংশ্লিষ্ট (সহযোগী সংগঠন, অঙ্গ সংগঠন, ভ্রাতৃপ্রতিম সংগঠন ইত্যাদি) আইনজীবীদের কোনো সংগঠনকে স্বীকৃতি দেওয়া হবে না। | **২৫টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২২), (২৪), (২৬), (২৯), (৩১) ও (৩২)।<br>**৭টি রাজনৈতিক দল একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (২১) [কোনো নাগরিকের রাজনীতি চর্চার সাংবিধানিক অধিকার খর্ব করা যাবে না], (২৩), (২৫), (২৭), (২৮), (৩০) ও (৩৩) [কোনো নাগরিকের রাজনীতি চর্চার সাংবিধানিক অধিকার খর্ব করা যাবে না]।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **৬১। বিচারকদের রাজনৈতিক দলীয় আনুগত্য:** বিচারকদের রাজনৈতিক দলীয় আনুগত্য প্রদর্শন বা রাজনৈতিক দৃষ্টিভঙ্গি প্রকাশকে অসদাচরণ হিসেবে বিবেচনা করে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণের বিধান করা হবে। | **৩২টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)। |

| জনপ্রশাসন | |
|---|---|
| **৬২। তথ্য অধিকার আইন, ২০০৯-এর সংশোধন:** নাগরিকগণ যাতে সহজে ও অবাধে সরকারি সেবা সংক্রান্ত তথ্য পেতে পারে সেজন্য তথ্য অধিকার আইন, ২০০৯ (Right to Information Act, 2009) পর্যালোচনা করে সংশোধন করা হবে। নির্বাচন কমিশনের অধীনে নিবন্ধিত রাজনৈতিক দলসমূহকে তথ্য অধিকার আইন, ২০০৯-এর আওতাভুক্ত করা হবে। | **২৮টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৯), (৩০), (৩১) ও (৩২)।<br>**৪টি রাজনৈতিক দল ও জোট একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২৭), (২৮) ও (৩৩)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **৬৩। অফিসিয়াল সিক্রেটস এ্যাক্ট, ১৯২৩ (Official Secrets Act, 1923)-এর সংশোধন:** নাগরিকদের তথ্য ও পরিষেবায় অভিগম্যতা সহজ ও যুগোপযোগী করার লক্ষ্যে Official Secrets Act, 1923 পর্যালোচনা করে সংশোধন করা হবে। | **২৭টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৯), (২০), (২১), (২৩), (২৪), (২৫), (২৬), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br>**৫টি রাজনৈতিক দল ও জোট একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (১৮), (২২), (২৭) ও (২৯)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **৬৪। গণহত্যা ও ভোট জালিয়াতির সাথে জড়িত কর্মকর্তাদের বিরুদ্ধে অভিযোগ তদন্তে স্বাধীন কমিশন গঠন:** জুলাই অভ্যুত্থানকালে গণহত্যা ও নিপীড়নের সঙ্গে জড়িত এবং ভোট জালিয়াতি ও দুর্নীতির অভিযোগে অভিযুক্ত কর্মকর্তাদের চিহ্নিতকরণ এবং তাদের বিরুদ্ধে উপযুক্ত পদক্ষেপ গ্রহণের জন্য একটি স্বাধীন তদন্ত কমিশন গঠন করা হবে। | **৩২টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)। |
| **৬৫। স্বাধীন ও স্থায়ী জনপ্রশাসন সংস্কার কমিশন গঠন:** জনপ্রশাসন সংস্কার কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে একটি স্বাধীন ও স্থায়ী জনপ্রশাসন সংস্কার কমিশন গঠন করা হবে। | **৩০টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br>**২টি রাজনৈতিক দল একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (২৭) ও (২৯)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |

| | |
|---|---|
| ৬৬। **তিনটি সরকারি কর্ম কমিশন গঠন:** প্রজাতন্ত্রের কর্মে জনবল নিয়োগের জন্য নিম্নরূপ ৩ (তিন) টি সরকারি কর্ম কমিশন গঠন করা হবে—(ক) সরকারি কর্ম কমিশন (সাধারণ): শিক্ষা ও স্বাস্থ্য সার্ভিস ব্যতীত অন্য সকল সার্ভিসে নিয়োগ ও পদোন্নতি পরীক্ষার জন্য; (খ) সরকারি কর্ম কমিশন (শিক্ষা): শুধু শিক্ষা সার্ভিসে নিয়োগ ও পদোন্নতি পরীক্ষার জন্য; এবং (গ) সরকারি কর্ম কমিশন (স্বাস্থ্য): শুধু স্বাস্থ্য সার্ভিসে নিয়োগ ও পদোন্নতি পরীক্ষার জন্য। | **২৫টি রাজনৈতিক দল একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১৩), (১৪), (১৫), (১৮), (১৯), (২০), (২২), (২৩), (২৪), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১) ও (৩২)।<br>**৭টি রাজনৈতিক দল ও জোট একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (১২), (১৬), (১৭), (২১), (২৫) ও (৩৩)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| ৬৭। **হিসাব বিভাগ থেকে নিরীক্ষা বিভাগ আলাদাকরণ:** নিরীক্ষা কার্যক্রমের স্বাধীনতা নিশ্চিত করা, হিসাব বিভাগ হতে নিরীক্ষা বিভাগের পৃথকীকরণ এবং নিরীক্ষার গুণগতমান উন্নতির জন্য নিরীক্ষা আইন (Audit Act) প্রণয়ন করা হবে। | **৩১টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br>**১টি রাজনৈতিক দল একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (৭)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| ৬৮। **কুমিল্লা ও ফরিদপুর নামে দুইটি প্রশাসনিক বিভাগ গঠন:** ভৌগোলিক অবস্থান ও যাতায়াতের বিষয়টি বিবেচনায় নিয়ে কুমিল্লা ও ফরিদপুর নামে ২ (দুই)টি প্রশাসনিক বিভাগ গঠন করা হবে। | **৩১টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br>**১টি রাজনৈতিক দল একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (২৭)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **পুলিশ** | |
| ৬৯। **স্বাধীন পুলিশ কমিশন গঠন:** পুলিশ বাহিনীর পেশাদারত্ব ও দায়বদ্ধতা নিশ্চিতকরণ এবং পুলিশি সেবাকে জনবান্ধব হিসেবে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে একটি 'পুলিশ কমিশন' গঠন করা হবে।<br>এই কমিশনের উদ্দেশ্য হবে: | **৩০টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৭), (২৮), (৩০), (৩১), (৩২) ও (৩৩)। |

| | |
|---|---|
| (১) শৃঙ্খলা বাহিনী হিসেবে পুলিশ যাতে আইনানুগভাবে এবং প্রভাবমুক্তভাবে দক্ষতার সাথে দায়িত্ব পালন করতে সক্ষম হয় তা নিশ্চিত করা।<br>(২) পুলিশ বাহিনীর যেকোনো সদস্যের উত্থাপিত অভিযোগের নিষ্পত্তিকরণ।<br>(৩) নাগরিকদের পক্ষ হতে পুলিশ বাহিনীর কোনো সদস্য/সদস্যদের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের নিষ্পত্তিকরণ।<br>কমিশনের গঠন প্রক্রিয়া জাতীয় সংসদ কর্তৃক প্রণীত আইনের দ্বারা নির্ধারিত হবে।<br>আইন প্রণয়নের ক্ষেত্রে জাতীয় সংসদ নিম্নবর্ণিত প্রস্তাব বিবেচনায় নিতে পারবে:<br>(ক)<br>(১) চেয়ারম্যান: আপীল বিভাগের একজন অবসরপ্রাপ্ত বিচারপতি, যার বয়স ৭৫ (পঁচাত্তর) বছরের উর্ধ্বে নয়।<br>(২) সদস্য সচিব: অতিরিক্ত পুলিশ মহা-পরিদর্শকের নিচে নয়, এমন একজন অবসরপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা, যার বয়স ৬২ (বাষট্টি) বছরের উর্ধ্বে নয়।<br>(৩) জাতীয় সংসদের সংসদ নেতার একজন প্রতিনিধি, যিনি সংসদ সদস্য হবেন।<br>(৪) জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতার একজন প্রতিনিধি, যিনি সংসদ সদস্য হবেন।<br>(৫) জাতীয় সংসদের স্পিকারের একজন প্রতিনিধি, যিনি সংসদ সদস্য হবেন।<br>(৬) জাতীয় সংসদের ডেপুটি স্পিকারের (যিনি বিরোধী দল হতে নির্বাচিত) একজন প্রতিনিধি, যিনি সংসদ সদস্য হবেন।<br>(৭) সচিব পদমর্যাদার নিচে নয়, এমন একজন অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা (জেলা ম্্যাজিস্ট্রেটের অভিজ্ঞতাসম্পন্ন)।<br>(৮) জেলা জজ পদমর্যাদার নিচে নয়, এমন একজন অবসরপ্রাপ্ত বিচার বিভাগীয় কর্মকর্তা অথবা সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে তালিকাভুক্ত একজন আইনজীবী, যার আইন পেশায় ন্যূনতম ১৫ (পনেরো) বছরের অভিজ্ঞতা রয়েছে।<br>(৯) একজন মানবাধিকার কর্মী [দেশে অথবা বিদেশে নিবন্ধিত মানবাধিকার বিষয়ক সংস্থায় | |

| | |
|---|---|
| ন্যূনতম ১০ (দশ) বছরের কাজের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন]।<br>(খ) কমিশনের সদস্যগণের মধ্যে ন্যূনতম ২ (দুই) জন নারী সদস্য থাকবেন।<br>(গ) (১), (২), (৭), (৮) ও (৯) নম্বর ক্রমিকের সদস্যদের বাছাইয়ের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী, জাতীয় সংসদের স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি এবং সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের একজন বিচারপতি [বিচারক হিসেবে যার অভিজ্ঞতা ১০ (দশ) বছরের কম নয়] সমন্বয়ে একটি কমিটি গঠিত হবে।<br>(ঘ) চেয়ারম্যান এবং সদস্য সচিব কমিশনের সার্বক্ষণিক সদস্য হবেন। কমিশনের বাকি ৭ (সাত) জন সদস্য অবৈতনিক হবেন; তবে তাদের কমিশন সভায় যোগদান ও অন্যান্য প্রযোজ্য ক্ষেত্রে ভাতা/সম্মানি প্রাপ্তি আইনের দ্বারা নির্ধারিত হবে। চেয়ারম্যান, সদস্য সচিব এবং অন্যান্য সদস্যদের দায়িত্ব, কর্তব্য, এখতিয়ার, জবাবদিহিতা, পদত্যাগের অধিকার এবং অপসারণের পদ্ধতি ইত্যাদি সংসদ কর্তৃক প্রণীত আইন দ্বারা নির্ধারিত হবে।<br>(ঙ) কমিশনের নীতি-নির্ধারণী ও নির্বাহী কার্যাবলি কমিশনের সংখ্যাগরিষ্ঠ সদস্যের সমর্থনে অনুমোদিত হবে।<br>(চ) কমিশনের মৌলিক দায়িত্ব ও কার্যপরিধি (যা সংসদ কর্তৃক প্রণীত আইনে বিস্তারিত লিপিবদ্ধ থাকবে এবং আইন প্রণয়নের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ গুরুত্ব সহকারে বিবেচনায় রাখবে) :<br>(১) কোনো পুলিশ সদস্য কর্তৃক আইনের লঙ্ঘন তথা বেআইনি ও বিধি-বহির্ভূত কর্মকান্ড নিরূপণ করত অপরাধের গুরুত্ব বিবেচনায় শাস্তির মাত্রা নির্ধারণ এবং তা বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদান।<br>(২) পুলিশের আইনানুগ ও স্বাভাবিক কর্মকাণ্ডকে যেকোনো ধরনের বেআইনি প্রভাব বা হস্তক্ষেপ থেকে সুরক্ষা প্রদানে কমিশন কর্তৃক নিজ বিবেচনায় যথাযথ নির্দেশনা প্রদান।<br>(৩) পুলিশের কোনো সদস্য বা সদস্যগণের বিরুদ্ধে নাগরিকদের অভিযোগ আমলে নিয়ে যথাযথ তদন্তের ভিত্তিতে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত প্রদান।<br>**(৪) কোনো ব্যক্তি, গোষ্ঠী বা মহল কর্তৃক বেআইনি** | |

| | |
|---|---|
| **চাপ প্রয়োগ, অবৈধ বা বিধি-বহির্ভূত কাজে বাধ্য করা ইত্যাদি বিষয়ে কোনো পুলিশ সদস্য কর্তৃক প্রাপ্ত অভিযোগ আমলে নিয়ে সে বিষয়ে যথাযথ তদন্ত করত কমিশনের নিজ বিবেচনায় যথাযথ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত প্রদান।**<br>(৫) পুলিশি ব্যবস্থা সম্পর্কিত বিদ্যমান আইন ও বিধি-বিধানের দুর্বলতা ও অসম্পূর্ণতা চিহ্নিত করত সেগুলোকে যথাযথ ও যুগোপযোগীকরণের লক্ষ্যে একটি চলমান সংস্কার কর্মসূচি গ্রহণ ও পরিচালনা করা।<br>(৬) যেকোনো পক্ষ হতে প্রাপ্ত অভিযোগের তদন্ত ও অনুসন্ধানের ক্ষেত্রে কমিশন পুলিশের যেকোনো সংস্থা, (যেমন সিআইডি বা পিবিআই) এমনকি প্রয়োজন মনে করলে সরকারের সহায়তা গ্রহণের মাধ্যমে বিচার বিভাগীয় তদন্ত পরিচালনারও অধিকার রাখবে।<br>(৭) কমিশনের নির্দেশনা ও সিদ্ধান্ত বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বাধ্য থাকবে। | |
| **দুর্নীতি দমন** | |
| **৭০। বৈধ উৎসবিহীন আয়কে বৈধতা দানের চর্চা বন্ধ করা:** বিদ্যমান সংবিধানের অনুচ্ছেদ ২০(২)-এর সাথে সামঞ্জস্য রেখে বৈধ উৎসবিহীন আয়কে বৈধতা দানের যেকোনো রাষ্ট্রীয় চর্চা চিরস্থায়ীভাবে বন্ধ করতে সুনির্দিষ্ট আইন প্রণয়ন করা হবে। | **৩১টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১) ও (৩২)।<br>**১টি রাজনৈতিক দল একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (৩৩)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **৭১। রাষ্ট্রীয় ও আইনি ক্ষমতার অপব্যবহার রোধে স্বার্থের দ্বন্দ্ব নিরসন ও প্রতিরোধ সংক্রান্ত আইন প্রণয়ন:** রাষ্ট্রীয় ও আইনি ক্ষমতার অপব্যবহার রোধে স্বার্থের দ্বন্দ্ব নিরসন ও প্রতিরোধ সংক্রান্ত আইন প্রণয়ন করা হবে। | **৩২টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)। |
| **৭২। দুর্নীতি ও অর্থ পাচার রোধে সুবিধাভোগী মালিকানা (beneficial ownership) সংক্রান্ত আইন প্রণয়ন:** প্রতিষ্ঠানের প্রকৃত বা চূড়ান্ত মালিকানার তথ্য গোপন করে দুর্নীতি ও অর্থ পাচারসহ বিবিধ দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে আইন প্রণয়নের মাধ্যমে | **৩২টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)। |

| | |
|---|---|
| কোম্পানি, ট্রাস্ট বা ফাউন্ডেশনের প্রকৃত বা চূড়ান্ত সুবিধাভোগীর পরিচয়-সংক্রান্ত যাবতীয় তথ্য রেজিস্টারভুক্ত করে জনস্বার্থে প্রকাশ নিশ্চিত করা হবে। | |
| ৭৩। **নির্বাচনি অর্থায়নে স্বচ্ছতা ও শুদ্ধাচার নিশ্চিত করা:** নির্বাচনি আইনে প্রয়োজনীয় সংস্কারের মাধ্যমে রাজনৈতিক ও নির্বাচনি অর্থায়নে স্বচ্ছতা ও শুদ্ধাচার চর্চা নিশ্চিত করার জন্য নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করা: (ক) রাজনৈতিক দলসমূহ ও নির্বাচনের প্রার্থীগণ অর্থায়ন এবং আয়-ব্যয়ের বিস্তারিত তথ্য জনগণের জন্য উন্মুক্ত করবে; (খ) জাতীয় রাজস্ব বোর্ড ও দুর্নীতি দমন কমিশনের সহায়তায় নির্বাচন কমিশন নির্বাচনি হলফনামায় প্রার্থীগণ কর্তৃক প্রদত্ত তথ্যের পর্যাপ্ততা ও যথার্থতা যাচাইপূর্বক প্রয়োজনীয় ক্ষেত্রে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবে। | **৩২টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১) [প্রার্থীর আয়কর রিটার্ন একটি প্রাইভেট ডকুমেন্ট। দুর্নীতি দমন কমিশন অথবা অন্য কোনো কর্তৃপক্ষ আদালতের মাধ্যমে উহা তলব করতে পারবে], (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩) [আদালতের মাধ্যমে তলব করার পক্ষে]।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| ৭৪। **জনপ্রতিনিধিদের সম্পদ ও আয়-ব্যয়ের তথ্য প্রকাশ:** সকল পর্যায়ের নির্বাচিত জনপ্রতিনিধিগণ দায়িত্ব গ্রহণের ৩ (তিন) মাসের মধ্যে ও পরবর্তীতে প্রতি বছর নিজের ও পরিবারের সদস্যদের আয় ও সম্পদ বিবরণী নির্বাচন কমিশনে জমা দিবেন এবং নির্বাচন কমিশন উক্ত বিবরণীসমূহ কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করবে। | **৩২টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)। |
| ৭৫। **দুর্নীতিবাজদের বিষয়ে রাজনৈতিক দলসমূহের করণীয়:** রাজনৈতিক দলসমূহ দুর্নীতি ও অনিয়মের সঙ্গে সম্পৃক্ত ব্যক্তিকে দলীয় পদ বা নির্বাচনে মনোনয়ন দিবে না। | **৩২টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)। |
| ৭৬। **দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর সংশোধন:** দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ধারা ৮(১) এরূপভাবে প্রতিস্থাপন করা হবে—আইন, শিক্ষা, প্রশাসন, বিচার, শৃঙ্খলা বাহিনী, আর্থিক প্রতিষ্ঠান, হিসাব ও নিরীক্ষা পেশায় বা সুশাসন কিংবা দুর্নীতিবিরোধী কার্যক্রমে নিয়োজিত সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানে অন্যূন ১৫ (পনেরো) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন কোনো ব্যক্তি কমিশনার হওয়ার যোগ্য হবেন। | **৩০টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br>**২টি রাজনৈতিক দল একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (৪) ও (২২)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |

| | |
|---|---|
| **৭৭। বাছাই ও পর্যালোচনা কমিটি কর্তৃক দুর্নীতি দমন কমিশনের কার্যক্রম পর্যালোচনার পদ্ধতি:** দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ধারা ৭(১) থেকে ৭(৫) সংশোধন করে প্রস্তাবিত “বাছাই ও পর্যালোচনা কমিটি” দুর্নীতি দমন কমিশনের কার্যক্রম পর্যালোচনার উদ্দেশ্যে দুর্নীতি দমন কমিশন সংস্কার কমিশন প্রতিবেদন জানুয়ারি ২০২৫-এর সুপারিশ অনুসরণ করা হবে। | **৩২টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)। |
| **৭৮। দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ধারা ৩২ক বিলুপ্ত করা:** দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ধারা ৩২ক বিলুপ্ত করা হবে। এর ফলে দুর্নীতি দমন কমিশন কর্তৃক বিচারকসহ যেকোনো সরকারি কর্মচারীর বিরুদ্ধে মামলা দায়ের করতে হলে দুর্নীতি দমন কমিশনকে আবশ্যিকভাবে ফৌজদারি কার্যবিধির ধারা ১৯৭ প্রতিপালন অর্থাৎ উপর্যুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে মামলা দায়েরের শর্ত হিসেবে দুর্নীতি দমন কমিশনকে সরকারের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে না। | **২৮টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৬), (২৭), (২৯), (৩০), (৩২) ও (৩৩)।<br>**৩টি রাজনৈতিক দল একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (১২), (২৫) ও (৩১)।<br>**১টি রাজনৈতিক দল স্বতন্ত্র মতামত জমা দিয়েছে:**<br>পরিশিষ্টের ক্রমিক (২৮)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **৭৯। আয়কর আইন, ২০২৩-এর ধারা ৩০৯-এর সংশোধন:** আয়কর আইন, ২০২৩-এর ধারা ৩০৯ সংশোধনপূর্বক এটি নিশ্চিত করতে হবে যে, দুর্নীতি দমন কমিশন কর্তৃক চাহিত কোনো তথ্যাদি বা দলিলাদির ক্ষেত্রে এই ধারা প্রযোজ্য হবে না। | **২৫টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২২), (২৩), (২৪), (২৬), (২৭), (২৯), (৩০) ও (৩২)।<br>**৬টি রাজনৈতিক দল ও জোট একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (১২), (২১) [আদালতের অনুমোদনক্রমে দুর্নীতি দমন কমিশন যেকোনো তথ্য বা দলিলাদি তলব করতে পারবে], (২৫), (৩১) ও (৩৩)।<br>**১টি রাজনৈতিক দল স্বতন্ত্র মতামত জমা দিয়েছে:**<br>পরিশিষ্টের ক্রমিক (২৮)।<br>**[নোট: অবশ্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| **৮০। বেসরকারি খাতের দুর্নীতিকে শাস্তির আওতায় আনা:** United Nations Convention Against Corruption (UNCAC)-এর অনুচ্ছেদ ২১ অনুসারে বেসরকারি খাতের দুর্নীতিকে | **৩২টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১) [নীতিগতভাবে একমত, তবে এরূপ অপরাধ সাধারণ আইনে বিচার হওয়া বাঞ্ছনীয়], (২২), |

| | |
|---|---|
| স্বতন্ত্র অপরাধ হিসেবে শাস্তির আওতায় আনা হবে। | (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩) [সাধারণ আইনে আওতায় আনার পক্ষে। দুদক আইনের আওতায় আনার বিপক্ষে]।<br>**[নোট: অবশ্‌্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্‌্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্‌্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| ৮১। **Common Reporting Standards-এর বাস্তবায়ন:** দেশ বিদেশে আর্থিক লেনদেনের স্বচ্ছতা নিশ্চিতকরণে বাংলাদেশের Common Reporting Standards-এর পক্ষভুক্ত হওয়া এবং বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় আইনি সংস্কার করা হবে। | **৩২টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)। |
| ৮২। **দুর্নীতিবিরোধী কৌশলপত্র প্রণয়ন:** রাষ্ট্রীয় উদ্যোগে জাতীয় শুদ্ধাচার কৌশলের পরিবর্তে একটি দুর্নীতিবিরোধী জাতীয় কৌশলপত্র প্রণয়ন করে বিভিন্ন রাষ্ট্রীয় ও অরাষ্ট্রীয় প্রতিষ্ঠানের দুর্নীতিবিরোধী দায়িত্ব ও কর্তব্য নির্ধারণ করা হবে। সংবিধানের বিধান অনুযায়ী ন্যায়পাল নিয়োগ করে ন্যায়পালের কার্যালয়কে এই কৌশলপত্র বাস্তবায়নের সঙ্গে কার্যকরভাবে যুক্ত করা হবে। | **৩১টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)।<br>**১টি রাজনৈতিক দল একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (১৬)।<br>**[নোট: অবশ্‌্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্‌্যান্ডেট লাভ করে তাহলে তারা সেইমতে ব্‌্যবস্থা গ্রহণ করতে পারবে।]** |
| ৮৩। **পরিষেবা খাতের কার্যক্রম ও তথ্য অটোমেশন করা:** সেবা প্রদানকারী সকল সরকারি প্রতিষ্ঠানের—বিশেষত, থানা, রেজিস্ট্রি অফিস, রাজস্ব অফিস, পাসপোর্ট অফিস এবং শিক্ষা, স্বাস্থ্য, স্থানীয় সরকার, জেলা ও উপজেলা প্রশাসনসহ সকল সেবা-পরিষেবা খাতের সেবা কার্যক্রম ও তথ্য-ব্যবস্থাপনা সম্পূর্ণ (এন্ড-টু-এন্ড) অটোমেশনের আওতায় আনা হবে। | **৩২টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (২), (৩), (৪), (৬), (৭), (৮), (৯), (১০), (১১), (১২), (১৩), (১৪), (১৫), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১), (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (২৮), (২৯), (৩০), (৩১), (৩২) ও (৩৩)। |
| ৮৪। **Open Government Partnership-এর পক্ষভুক্ত হওয়া:** বাংলাদেশকে রাষ্ট্রীয়ভাবে Open Government Partnership-এর পক্ষভুক্ত হতে হবে। | **২৬টি রাজনৈতিক দল ও জোট একমত:**<br>পরিশিষ্টের ক্রমিক (২), (৩), (৪), (৬), (৭), (৯), (১০), (১১), (১৩), (১৪), (১৬), (১৭), (১৮), (১৯), (২০), (২১) [জাতীয় সংসদের অনুমোদন সাপেক্ষে], (২২), (২৩), (২৪), (২৫), (২৬), (২৭), (৩০), (৩১), (৩২) ও (৩৩) [জাতীয় সংসদের অনুমোদন সাপেক্ষে]।<br>**৬টি রাজনৈতিক দল ও জোট একমত নয়:**<br>পরিশিষ্টের ক্রমিক (১), (৮), (১২), (১৫), (২৮) ও (২৯)।<br>**[নোট: অবশ্‌্য কোনো রাজনৈতিক দল বা জোট তাদের নির্বাচনি ইশতেহারে উল্লেখপূর্বক যদি জনগণের ম্‌্যান্ডেট** |

| | |
|---|---|
| | লাভ করে তাহলে তারা সেইমতে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।] |

# জুলাই জাতীয় সনদ ২০২৫ বাস্তবায়নের অঙ্গীকারনামা

গণতান্ত্রিক মূল্যবোধ এবং জাতীয় ঐকমত্যের ভিত্তিতে ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানে প্রকাশিত জনগণের ইচ্ছাকে প্রাধান্য দিয়ে আমরা নিম্নস্বাক্ষরকারীগণ এই মর্মে অঙ্গীকার ও ঘোষণা করছি যে—

(১) জনগণের অধিকার ফিরে পাওয়া এবং গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার সুদীর্ঘ আন্দোলন-সংগ্রামের ধারাবাহিকতায় ২০২৪ সালের জুলাই-আগস্টের গণঅভ্যুত্থানে হাজারো মানুষের জীবন ও রক্তদান এবং অগণিত মানুষের সীমাহীন ক্ষয়ক্ষতি ও ত্যাগ-তিতিক্ষার বিনিময়ে অর্জিত সুযোগ এবং তৎপ্রেক্ষিতে জন-আকাঙ্ক্ষার প্রতিফলন হিসেবে ধারাবাহিক প্রক্রিয়ার মধ্য দিয়ে প্রণীত ও ঐকমত্যের ভিত্তিতে গৃহীত নতুন রাজনৈতিক সমঝোতার দলিল হিসেবে জুলাই জাতীয় সনদ ২০২৫-এর পরিপূর্ণ বাস্তবায়ন নিশ্চিত করব।

(২) যেহেতু জনগণ এই রাষ্ট্রের মালিক, তাদের অভিপ্রায়ই সর্বোচ্চ আইন এবং গণতান্ত্রিক ব্যবস্থায় সাধারণত জনগণের অভিপ্রায় প্রতিফলিত হয় রাজনৈতিক দলের মাধ্যমে সেহেতু রাজনৈতিক দল ও জোটসমূহ সম্মিলিতভাবে গণতন্ত্র প্রতিষ্ঠার দীর্ঘ সংগ্রামের ধারাবাহিকতায় আলাপ-আলোচনার ভিত্তিতে জনগণের অভিপ্রায়ের সুস্পষ্ট অভিব্যক্তি হিসেবে জুলাই জাতীয় সনদ ২০২৫ গ্রহণ করেছি বিধায় এই সনদ পূর্ণাঙ্গভাবে সংবিধানে তফসিল হিসেবে বা যথোপযুক্তভাবে সংযুক্ত করব।

(৩) জুলাই জাতীয় সনদ ২০২৫-এর বৈধতা ও প্রয়োজনীয়তা সম্পর্কে কোনো আদালতে প্রশ্ন উত্থাপন করব না, উপরন্তু উক্ত সনদ বাস্তবায়নের প্রতিটি ধাপে আইনি ও সাংবিধানিক সুরক্ষা নিশ্চিত করব।

(৪) গণতন্ত্র, মানবাধিকার ও আইনের শাসন প্রতিষ্ঠার জন্য জনগণের দীর্ঘ ১৬ বছরের নিরবচ্ছিন্ন সংগ্রাম এবং বিশেষত ২০২৪ সালের অভূতপূর্ব গণঅভ্যুত্থানের ঐতিহাসিক তাৎপর্যকে সাংবিধানিক তথা রাষ্ট্রীয় স্বীকৃতি প্রদান করব।

(৫) গণঅভ্যুত্থানপূর্ব ১৬ বছরের ফ্যাসিবাদ বিরোধী গণতান্ত্রিক সংগ্রামে গুম, খুন ও নির্যাতনের শিকার হওয়া ব্যক্তিদের এবং ২০২৪ সালের জুলাই-আগস্টের গণঅভ্যুত্থানকালে সংঘটিত সকল হত্যাকাণ্ডের বিচার, শহীদদের রাষ্ট্রীয় মর্যাদা প্রদান ও শহীদ পরিবারগুলোকে যথোপযুক্ত সহায়তা প্রদান এবং আহতদের সুচিকিৎসা ও পুনর্বাসনের ব্যবস্থা নিশ্চিত করব।

(৬) জুলাই জাতীয় সনদ ২০২৫-এ বাংলাদেশের সামগ্রিক রাষ্ট্র ব্যবস্থা তথা সংবিধান, নির্বাচন ব্যবস্থা, বিচার ব্যবস্থা, জনপ্রশাসন, পুলিশি ব্যবস্থা ও দুর্নীতি দমন ব্যবস্থা সংস্কারের বিষয়ে যেসব সিদ্ধান্ত লিপিবদ্ধ রয়েছে সেগুলো বাস্তবায়নের জন্য সংবিধান এবং বিদ্যমান আইনসমূহের প্রয়োজনীয় সংশোধন, সংযোজন, পরিমার্জন বা নতুন আইন প্রণয়ন, প্রয়োজনীয় বিধি প্রণয়ন বা বিদ্যমান বিধি ও প্রবিধির পরিবর্তন বা সংশোধন করব।

(৭) জুলাই জাতীয় সনদ ২০২৫-এর ঐকমত্যের ভিত্তিতে গৃহীত যে সকল সিদ্ধান্ত অবিলম্বে বাস্তবায়নযোগ্য সেগুলো কোনো প্রকার কালক্ষেপণ না করেই দ্রুততম সময়ে অন্তর্বর্তীকালীন সরকার ও অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সম্পূর্ণরূপে বাস্তবায়ন করবে।

## পরিশিষ্ট

### [জুলাই জাতীয় সনদ ২০২৫ প্রণয়নে অংশগ্রহণকারী রাজনৈতিক দল ও জোটসমূহের তালিকা]

**(বর্ণানুক্রমিক অনুযায়ী)**

(১) ১২ দলীয় জোট

(২) আমজনতার দল

(৩) আমার বাংলাদেশ পার্টি (এবি পার্টি)

(৪) ইসলামী আন্দোলন বাংলাদেশ

(৫) ইসলামী ঐক্যজোট

(৬) খেলাফত মজলিস

(৭) গণঅধিকার পরিষদ (জিওপি)

(৮) গণতান্ত্রিক বাম ঐক্য

(৯) গণফোরাম

(১০) গণসংহতি আন্দোলন

(১১) জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশ

(১২) জাকের পার্টি

(১৩) জাতীয় গণফ্রন্ট

(১৪) জাতীয় নাগরিক পার্টি-এনসিপি

(১৫) জাতীয় সমাজতান্ত্রিক দল-জেএসডি

(১৬) জাতীয়তাবাদী গণতান্ত্রিক আন্দোলন (এনডিএম)

(১৭) জাতীয়তাবাদী সমমনা জোট

(১৮) নাগরিক ঐক্য

(১৯) বাংলাদেশ খেলাফত মজলিস

(২০) বাংলাদেশ জাতীয় সমাজতান্ত্রিক দল-বাংলাদেশ জাসদ

(২১) বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি

(২২) বাংলাদেশ জামায়াতে ইসলামী

(২৩) বাংলাদেশ নেজামে ইসলাম পার্টি

(২৪) বাংলাদেশ লেবার পার্টি

(২৫) বাংলাদেশের কমিউনিস্ট পার্টি-সিপিবি

(২৬) বাংলাদেশের বিপ্লবী কমিউনিস্ট লীগ

(২৭) বাংলাদেশের সমাজতান্ত্রিক দল (মার্কসবাদী)

(২৮) বাংলাদেশের সমাজতান্ত্রিক দল-বাসদ

(২৯) বাংলাদেশের সমাজতান্ত্রিক পার্টি (বিএসপি)

(৩০) বাংলাদেশের বিপ্লবী ওয়ার্কার্স পার্টি

(৩১) ভাসানী জনশক্তি পার্টি

(৩২) রাষ্ট্র সংস্কার আন্দোলন

(৩৩) লিবারেল ডেমোক্রেটিক পার্টি-এলডিপি